১১ এবং ১২

৬ষ্ঠ বর্ষ, ২য় সংখ্যা-২০১৮
৭ম বর্ষ, ১ম সংখ্যা-২০১৯

# শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বার্তা

# SHER-E-BANGLA AGRICULTURAL UNIVERSITY NEWS-LETTER



## শেকৃবিতে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অসচ্ছল মেধাবী ছয় শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি দিয়েছে কামাল-মমতাজ মেমোরিয়াল ট্রাস্ট। ২৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের হাতে এ শিক্ষাবৃত্তি চেক তুলে দেন। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের

*(২য় পাতায়)*

## শেকৃবিতে ডিন'স অ্যাওয়ার্ড পেলেন ১৮ কৃতি শিক্ষার্থী




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ১৮ কৃতি শিক্ষার্থী ডিন'স অ্যাওয়ার্ড পেয়েছেন। ২৮ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এক বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ডিন'স অ্যাওয়ার্ডে মনোনীত শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট ও সনদ তুলে দেন মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এর

*(২য় পাতায়)*



প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ ও বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. আব্দুল করিম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ট্রাস্টের প্রধান পৃষ্ঠপোষক নিলুফার আহমেদ করিম, শুভেচ্ছা বক্তব্য রাখেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান।

এ ধরনের কার্যক্রমের জন্য কামাল-মমতাজ ট্রাস্টের পৃষ্ঠপোষকদের সাধুবাদ জানান এবং বৃত্তি পাওয়া শিক্ষার্থীরা যেন জাতির প্রত্যাশার প্রতিফলন ঘটাতে পারেন, সে আহ্বান জানান ডা. দীপু মনি। এছাড়াও দেশে কোনো ছেলে-মেয়ে টাকার অভাবে যাতে লেখাপড়া থেকে বঞ্চিত না হয় সেজন্য মেধাবীদের সহায়তায় এ ধরণের উদ্যোগ নিয়ে এগিয়ে আসার জন্য বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান তিনি। অসচ্ছল শিক্ষার্থীদের জন্য কর্পোরেট হাউসে 'শিক্ষাঋণ' এবং 'পেইড ইন্টার্নশিপ' প্রোগ্রাম চালুর ওপরও তিনি গুরুত্বারোপ করেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মোহাম্মদ সোলাইমান হোসেন, মো. খলিল, পূজা সরকার, সৈয়দা কামরুন নাহার, সামিয়া চৌধুরী ও ইমরান হোসেন। পৃষ্ঠপোষক নিলুফার আহমেদ করিম বলেন, যাদের আমরা বৃত্তি দিয়েছি, তারা যেন সঠিকভাবে তা কাজে লাগাতে ও সমৃদ্ধি অর্জন করতে পারে এবং অসৎ পথে কোনো উপার্জন না করে। আমরা চাই তারা প্রতিষ্ঠিত হোক।

উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের এ ধরনের বৃত্তি দিতে পেরে আমরা বিশ্ববিদ্যালয় পরিবার গর্বিত ও আনন্দিত। এ ধরনের সহযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের মনোবল আরো বৃদ্ধি পাবে এবং তারা শিক্ষাজীবন শেষে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এ প্রত্যাশা করি। বিশ্ববিদ্যালয়ে এ ধরনের বৃত্তি ব্যবস্থা চালু করায় তিনি পৃষ্ঠপোষকদের ধন্যবাদ জানান।



## অ্যাওয়ার্ড পেলেন ১৮ কৃতি শিক্ষার্থী (প্রথম পৃষ্ঠার পর)




সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগ, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক, প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাথু রাম সরকার, এসিআই ব্যবস্থাপনা পরিচালক এ কে এম ফরেজুল হক আনসারি।

ড. কে বি এম সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানের শুভেচ্ছা বক্তব্য রাখেন এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম। পশুর চিকিৎসাসেবায় নিজেদের উৎসর্গ করতে ভেটেরিনারি সার্জনদের প্রতি আহ্বান জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান খসরু এমপি। তিনি বলেন, ভেটেরিনারি সার্জনদের অবহেলার কারনে একটি পশুও যেন মারা না যায়, সেদিকে খেয়াল রাখতে হবে। পশুর চিকিৎসায় সার্জনদের আরও বেশি আত্মনিয়োগ করতে হবে। গ্রামে থাকতে হবে। আপনাদের মনে রাখতে হবে, খেটে-খাওয়া মানুষের পরিশ্রমেই অপনাদের বেতন-ভাতা হয়। তাই তাদের প্রতি আপনাদের আরও আন্তরিক হতে হবে। তিনি আরও বলেন, দেশের ভবিষৎ প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তুলতে হবে। উন্নতমানের গবেষনা তৈরি করতে হবে। গবেষণার মাধ্যমে নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। আমাদের সমস্যা আমাদেরকেই সমাধান করতে হবে। উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, বিশ্ববিদ্যালয়ে যারা ভর্তি হয় তারা সবাই মেধাবী। মেধার সঠিক চর্চা ও নিয়মিত অধ্যাবসায় যদি কেউ না করে তাহলে সেই মেধার মূল্য থাকে না। শ্রেষ্ঠত্ব অর্জন করা সবার ভাগ্যে জুটে না। তারাই শ্রেষ্ঠত্ব অর্জন করে যারা অনেক বেশি পরিশ্রম করে। তবে শিক্ষার্থীরা শিক্ষার আলোয় আলোকিত না হলে এসব পুরষ্কারের কোন দাম নেই। শুধু নিজের জন্য নয় সাধারণ মানুষের জন্য এ মেধার বিকাশ ঘটাতে হবে। পরে অনুষদের শিক্ষার্থীদের উপস্থাপনায় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। ডিন'স অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন, লেভেল-১ এর মুহতাদি মো. ওয়ালি উল্লাহ এবং আসিং ইয়াং মারমা, লেভেল-২ এর হাফসা হোসেন, লেভেল-৩ এর মোছাঃ আকলিমা খাতুন, তানজিলা রহমান, তায়েবা জান্নাত, তানজিনা আক্তার, শাহনাজ আলম সানী, মো. মহিউদ্দিন, নাজমুন্নাহার নিসা, মোঃ জিসান আহমেদ লেভেল-৫ নিপু সেন, আল-ওয়াসিফ, মোসা. মায়েদা পারভিন, শামিমা আহমেদ, মোঃ ইমরান হোসেন, মো. আবদুর রায়হান রাতুল, শিখা সরকার।

## শেকৃবিতে জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত



তরুণদের বিজ্ঞান মনস্ক করতে এবং বিজ্ঞান শিক্ষায় উৎসাহিত করতে অনুষ্ঠিত হলো ১০তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০১৯। ০৮ মার্চ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ বিজ্ঞান একাডেমী এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড এর আয়োজনে দিনব্যাপী বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নির্বাচিত ৬০ জন শিক্ষার্থীকে স্টাইপেন্ড, মেডেল, সনদপত্র ও বিজ্ঞান বিষয়ক বই প্রদান করা হয়। ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক থেকে স্কুল পর্যায়ে ১ম ৫ জনকে মাসিক ২৫০০ টাকা এবং কলেজ পর্যায়ে ১ম ৫ জনকে মাসিক ৫০০০ টাকা হারে এক বছর মেয়াদী শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অলিম্পিয়াডে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলাম এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি. এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো. আলী। প্রধান অতিথির বক্তব্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন, আজ মানুষের হাতে হাতে ল্যাপটপ পৌঁছে গেছে। মোবাইলে টাকা পাঠানোর সুযোগ তৈরি হওয়ায় সময় ও পেরেশানি কমেছে। দিন বদলের যুগে এখন বাংলাদেশ। তোমরা যারা নতুন, তোমাদেরকে চিন্তা করতে হবে কিভাবে দেশকে এগিয়ে নেওয়া যায়। তিনি আরও বলেন, কৃষি বিজ্ঞানীদের সাথে কৃষকদের গভীর সম্পর্ক রয়েছে। আশা করি তোমরাও বিজ্ঞানী হবে। ভবিষ্যতে বাংলাদেশকে আরো উচ্চতায় নিয়ে যাবে। বিজ্ঞান অলিম্পিয়াডে সাতটি বিভাগের প্রায় ৬০০ শিক্ষার্থী জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করে। নবম-দশম (বিদ্যালয় গ্রুপ) ও একাদশ-দ্বাদশ (কলেজ গ্রুপ) শ্রেণীর বিজ্ঞানের ছাত্র-ছাত্রীরা সকাল ৯ টায় জাতীয় সংগীতের মাধ্যমে বিজ্ঞান অলিম্পিয়াড উৎসবে যোগদান করে।



## শেকৃবিতে বাংলাদেশ জীববিজ্ঞান উৎসব অনুষ্ঠিত



বিজ্ঞান মনস্ক মানুষ গড়ার প্রত্যয়ে 'হাঙ্গেরিতে গর্জে ওঠো আরেকবার' স্লোগান নিয়ে অনুষ্ঠিত হয়েছে সমকাল-বাংলাদেশ জীববিজ্ঞান উৎসব ২০১৯। ৯ মার্চ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয় ঢাকা উত্তর আঞ্চলিক জীব বিজ্ঞান উৎসব। এ উৎসবে বিভিন্ন স্কুল-কলেজ থেকে ৮ শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। শনিবার সকাল ৮ টায় জাতীয় সংগীত ও জাতীয় পতাকা উত্তোলনের পর বেলুন উড়িয়ে জীব বিজ্ঞান উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, ওয়ান ফার্মা ও ন্যাশনাল এগ্রিকেয়ার লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক কে এস এম মোস্তাফিজুর রহমান। আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ জীববিজ্ঞান অলিম্পিয়াডের কেন্দ্রীয় কমিটির সভাপতি অধ্যাপক ড. শহীদুর রশিদ ভুইঁয়া, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. শাহিদুর রহমান, দৈনিক সমকাল ফিচার সম্পাদক মাহবুব আজিজ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ জীববিজ্ঞান অলিম্পিয়াড ঢাকা উত্তর আঞ্চলিক কমিটির সভাপতি অধ্যাপক ড. ছরোয়ার হোসেন।

উদ্বোধন শেষে জুনিয়র (ষষ্ঠ - অষ্টম), সেকেন্ডারি ( ৯ম- ১০ম) এবং হায়ার সেকেন্ডারি (একাদশ- দ্বাদশ) এই তিন ক্যাটাগরিতে ১ ঘন্টার পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবারে ক্যামব্রিয়ান স্কুল এন্ড কলেজ থেকে সর্বাধিক ১৬২ জন শিক্ষার্থী অংশ নেয়। পরীক্ষার পর বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় প্রশ্নোত্তর পর্ব। দুপুর আড়াইটায় পুরস্কার বিতরণ করা হয়। আঞ্চলিক পর্যায়ে নির্বাচিত ২২০ শিক্ষার্থীকে অনুষ্ঠানে রঙিন টি শার্ট, মেডেল প্রদান করা হয়। এছাড়া উৎসবে অংশগ্রহণকারী সকল ছাত্র-ছাত্রীকে সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, যে জাতি বিজ্ঞানে যত বেশি এগিয়ে, সে জাতি তত বেশি উন্নত হবে এবং বিশ্বে নেতৃত্ব দিবে। তাই সকল ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান মনস্ক হিসেবে গড়ে তুলতে হবে।



## শেকৃবিতে পালিত হয়েছে বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ-১৪২৬



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে নানা আয়োজনের মধ্য দিয়ে পালিত হয়েছে বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ-১৪২৬। সকাল নয়টায় বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের একাডেমিক ভবন থেকে মঙ্গল শোভাযাত্রার মাধ্যমে বরণ করা হয় বাংলা নববর্ষকে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এর নেতৃত্বে শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমানসহ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশ নেয়।

বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক সংগঠনগুলোর উদ্যোগে নববর্ষ উপলক্ষে দিনব্যাপী মনোজ্ঞ সাংস্কৃতিক কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। সংগঠনগুলো রম্য বির্তক, কোরিওগ্রাফি, নাটিকা ও নাচ-গানের মাধ্যমে দেশীয় ঐতিহ্য তুলে ধরার চেষ্টা করে। এদিকে বিশ্ববিদ্যালয়ের আমতলায় অনুষ্ঠিত বৈশাখী মেলায় সংগঠনগুলো পিঠা-পায়েশসহ বিভিন্ন ধরণের খাবার ও ছোটদের বিভিন্ন খেলার আয়োজন করে। এছাড়া বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয় নৌকা বাইচ, ছিল নৌকায় ঘুরার ব্যবস্থা।

আনন্দ-উদযাপন-বৈশাখী পোশাক সবমিলিয়ে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ দিনভর ছিল উৎসবমুখর ও প্রাণোজ্জল।



## শেকৃবি এলামনাই এসোসিয়েশনের পূণর্মিলনী অনুষ্ঠিত




আনন্দ আর উল্লাসের মধ্যে দিয়ে শেরেবাংলা কৃষিবিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের "বার্ষিক সাধারন সভা ও পূণর্মিলনী" অনুষ্ঠিত হয়েছে। ২৭ এপ্রিল বিকাল ৩ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভা, স্মৃতিচারণ, আড্ডা, ভাব-বিনিময় ও কোলাহলে মেতে ওঠেন প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীরা। দেশ গড়ার কাজে নিজেদেব সর্বোচ্চ প্রচেষ্টা বিনিয়োগ করারও প্রত্যয় ব্যক্ত করেছেন তারা।

এলামনাই এসোসিয়েশনের সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে আর্থিক প্রতিবেদন উপস্থাপন করেন এলামনাই এসোসিয়েশনের কোষাধ্যক্ষ কৃষিবিদ এম আমিনুল ইসলাম, গঠনতন্ত্র সংশোধনী প্রস্তাব নিয়ে আলোচনা করেন এলামনাই এসোসিয়েশনের সাবেক সাধারন সম্পাদক কৃষিবিদ মাহমুদ হোসেন। অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন এলমনাই এসোসিয়েশনের সাধারন সম্পাদক কৃষিবিদ মেজবাহ উদ্দিন। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নতুন প্রজন্মকে কৃষিতে উচ্চ শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বদ্ধপরিকর। দেশের কৃষি উন্নয়নে এ প্রতিষ্ঠানের গ্র্যাজুয়েটগণ যে উজ্জ্বল স্বাক্ষর রেখেছেন এবং আজও রেখে যাচ্ছেন, আজকের দিনে তা খতিয়ে দেখা দরকার। কৃষি উন্নয়নের এমন কোন ক্ষেত্র নেই যেখানে অগ্রণী নেতৃত্বে ভূমিকা রাখেননি এখানকার পাশকরা কৃষিবিদগণ। কৃষিবিজ্ঞানী তথা কৃষিবিদদের উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তি ও অধিক উৎপাদনশীল জাতের বীজ ব্যবহার করে কৃষকর্তার মেধা ও শ্রম দিয়ে আজ ষোল কোটির ও বেশি মানুষের খাদ্যের জোগান নিশ্চিত করণের মাধ্যমে সমৃদ্ধ করেছে কৃষি পেশাকে। প্রায় ০২ হাজার অ্যালামনাই এর অংশ গ্রহণে অনুষ্ঠানে স্মৃতি চারণ ছাড়াও আড্ডা, বেশ কয়েক পর্বে নাস্তা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।



## ইউজিসির নবনিযুক্ত চেয়ারম্যানকে শেকৃবি উপাচার্যের অভিনন্দন





বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) নবনিযুক্ত চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহকে অভিনন্দন জানিয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

উপাচার্য তার অভিনন্দন বার্তায় বলেন, 'একজন কৃতি শিক্ষাবিদ হিসেবে অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহর বলিষ্ঠ নেতৃত্বে এবং মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দিক নির্দেশনায় দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মানসম্পন্ন উচ্চশিক্ষার উন্নয়ন আরও গতিশীল ও সমৃদ্ধি ঘটবে বলে আমার গভীর বিশ্বাস। আমি আশা করি, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়কে একটি বিশ্বমানের বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করতে আপনি একজন অভিভাবক হিসেবে আমাদেরকে সার্বিক সহযোগিতা, পরামর্শ এবং দিক নির্দেশনা দিবেন।' একজন শিক্ষাবিদ তথা জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্যকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ দেন ও কৃতজ্ঞতা প্রকাশ করেন অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। তিনি অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সার্বিক মঙ্গল কামনা করেন।

## আন্তর্জাতিক ভেটেরিনারি বৃত্তির জন্য মনোনীত হয়েছে শেকৃবির শিক্ষার্থী প্রমি



বাংলাদেশে প্রথমবারের মতো আন্তর্জাতিক ভেটেরিনারি বৃত্তির জন্য মনোনীত হয়েছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ইসরাত জাহান প্রমি। ওয়ার্ল্ড ভেটেরিনারি অ্যাসোসিয়েশন এবং এমএসডি এনিমেল হেলথ আয়োজিত ভেটেরিনারি স্টুডেন্ট স্কলারশিপ প্রোগ্রাম-২০১৮ এর জন্য মনোনীত হয়েছে প্রমি। এমএসডি প্রদত্ত বিশ্বের বিভিন্ন দেশের ভেটেরিনারি শিক্ষার্থীদের জন্য প্রতিযোগিতামূলক এবং সম্মানসূচক এই স্কলারশিপ প্রদান করা হয়। তার এ প্রাপ্তিতে অভিনন্দন জানিয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

২৮ এপ্রিল, ২০১৯ কোস্টারিকার সান জোসে অনুষ্ঠিত ৩৫তম ওয়ার্ল্ড ভেটেরিনারি কংগ্রেসে এ তালিকা ঘোষণা করা হয়। এতে ৩০ টি দেশের ৪১ জন শিক্ষার্থীকে এ স্কলারশিপের জন্য মনোনীত করা হয়। এর মধ্যে এশিয়া এবং ওশেনিয়া থেকে মনোনীত ৫ জনের মধ্যে একজন বাংলাদেশের প্রমি। প্রত্যেক শিক্ষার্থীকে এককালীন ৫০০০ ইউএস ডলার বৃত্তি প্রদান করা হবে। প্রমি তার এই সাফল্যের পিছনে মা, বাবা, ভাই, বোন, বন্ধু-বান্ধব, শিক্ষক এবং আত্মীয় স্বজনদের অনুপ্রেরণা ও সাহসকে অন্যতম অবদান বলে মনে করেন।

## বিশ্ববিদ্যালয় পরিষদের নতুন সভাপতি হলেন শেকৃবি উপাচার্য



পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের নতুন সভাপতি মনোনীত হয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ।

সংগঠনের বিদায়ী সভাপতি, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. হারুনর রশিদের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় পরিষদের স্ট্যান্ডিং কমিটির ২৫৯তম সভায় বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী সর্বসম্মতিক্রমে এ মনোনয়ন দেয়া হয়।

এদিকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি মনোনীত হওয়ায় তাঁকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা অভিনন্দন জানিয়েছেন।

ড. কামাল উদ্দিন আহাম্মদ ২০১৬ সালের ১৪ আগস্ট থেকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করছেন। তিনি ১৯৫৭ সালের ১ এপ্রিল কুমিল্লা জেলার হোমনা উপজেলার বিজয় নগর গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭২ সালে এসএসসি ও ১৯৭৪ সালে এইচএসসি, বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট বর্তমান শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে তিনি ১৯৭৯ সালে বিএসসি এজি (সম্মান) ও ১৯৮২ সালে এমএসসি, যুক্তরাজ্য থেকে ১৯৮৭ সালে এমফিল এবং ২০০৭ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

## শেকৃবিতে দৃষ্টিনন্দন স্টাফ কোয়ার্টার মসজিদ উদ্বোধন



দানবীর আব্দুল কাদির মোল্লা'র অর্থায়নে নির্মিত দৃষ্টিনন্দন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় স্টাফ কোয়ার্টার মসজিদ উদ্বোধন করা হয়েছে। ৭ মার্চ বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে আনুষ্ঠানিকভাবে মসজিদের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়। প্রায় পাঁচ কোটি টাকা ব্যয়ে নির্মিত মসজিদে দুই হাজার পাঁচশত মুসল্লি একত্রে নামাজ আদায় করতে পারবেন।

উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন- থার্মেক্স গ্রুপ লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক দানবীর আব্দুল কাদির মোল্লা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মো. শাদাত উল্লাহ, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগ। প্রধান অতিথির বক্তব্যে দানবীর আব্দুল কাদির মোল্লা বলেন, নিজের দায়বদ্ধতা থেকে সমাজ ও দেশের জন্য কাজ করে যাচ্ছি। আমার কোনো ক্ষমতা নেই। আল্লাহ আমাকে তৌফিক দিয়েছেন বলেই করতে পারছি। আমার একটাই উদ্দেশ্য আল্লাহ'র সন্তুষ্টি লাভ করা। আমার গড়ে তোলা বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান থেকে লভ্যাংশের একটি অংশ মানুষের সেবায় ব্যয় করি। মৃত্যু পর্যন্ত দেশ ও জনগণের সেবায় কাজ করে যেতে চাই। প্রসঙ্গত, শিল্পপতি আব্দুল কাদির মোল্লা নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কৃতি সন্তান। সমাজ ও দেশকে এগিয়ে নিতে তিনি কর্মজীবনে অসংখ্য স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা, এতিমখানা স্থাপন করেছেন। স্বনামধন্য আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ তার হাত ধরেই নির্মিত। সেবার স্বীকৃতি হিসেবে পেয়েছেন মাদার তেরেসা পদক। মানুষের সেবার লক্ষ্যে প্রয়াত পিতার নামে স্থাপন করেন মজিদ মোল্লা ফাউন্ডেশন।



## শেকৃবি'তে ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



উৎসব মুখর পরিবেশে রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০১৯ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। ০৬ জানুয়ারি সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ নবীনদের কঠিন ভর্তি যুদ্ধে প্রতিযোগিতা করে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারার জন্য অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি নবীন ছাত্র-ছাত্রীদের মেধা, বুদ্ধি এবং দক্ষতাকে কাজে লাগিয়ে আগামী চার বছরের মধ্যে স্নাতক ডিগ্রী অর্জন করে দেশকে আরও এগিয়ে নেওয়া এবং কৃষি খাতকে সমৃদ্ধ করার ও খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জন করার জন্য আহবান জানান।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কৃষি অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ ফজলুল করিম, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের ডীন প্রফেসর ড. এম. মিজানুল হক কাজল, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, প্রক্টর ড. মো. ফরহাদ হোসেন, প্রভোস্ট কাউন্সিলের আহবায়ক প্রফেসর মোঃ হাছানুজ্জামান আকন্দ। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান। অনুষ্ঠান সঞ্চালনা করেন রেজিস্ট্রার শেখ রেজাউল করিম। শেষে নবীন শিক্ষার্থীদের বিভিন্ন গ্রুপে ভাগ করে সকল ডিপার্টমেন্ট ঘুরিয়ে দেখানো হয়। ৬ জানুয়ারি থেকে ক্লাশ শুরু হয়েছে।



## শেকৃবিতে 'এমএস প্রোগ্রামে গবেষণা সূচনা' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে 'এমএস প্রোগ্রামে গবেষণা সূচনা' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৩ এপ্রিল মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল ভবনে কর্মশালার আয়োজন করা হয়।

পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ, এনিম্যাল সাইন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টেফিনেট-সিডিসি আটলান্টার বাংলাদেশে নিযুক্ত ওয়ান হেলথ ফোকাল পয়েন্ট ড. একেএম মাহবুবুল হক। মেডিসিন অ্যান্ড পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান ড. কেবিএম সাইফুল ইসলাম অনুষ্ঠান সঞ্চালনা করেন। বক্তারা বলেন, আধুনিক ধ্যান-ধারণায় শুধু মানুষের স্বাস্থ্যের দিকে লক্ষ্য রাখাই পর্যাপ্ত নয়, এর পাশাপাশি প্রাণীর স্বাস্থ্যও যাতে সমান গুরুত্ব পায় সে বিষয়ে খেয়াল রাখতে হবে। এ কারণে ওয়ান হেলথ ধারণাকে সামনে রেখে দেশের বাস্তবসম্মত ও প্রায়োগিক গবেষণা পরিকল্পনা করার বিষয়েও বক্তারা মত প্রকাশ করেন। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন বলেন, এমএস প্রোগ্রামের গবেষণা একজন গবেষকের জন্য প্রারম্ভিক যাত্রা। এটি তার শেখার সময়। তাই ভাল গবেষক পেতে এই সময়েই তাকে সুচারুরূপে হাতে-কলমে গবেষণা শেখাতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় বিশেষ করে সংশ্লিষ্ট সুপারভাইজারের দায়িত্ব অনেক।

## শেকৃবি শিক্ষকদের প্রশিক্ষণ কোর্সের সার্টিফিকেট বিতরণ



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণে আয়োজিত 'ট্রেনিং ফর নিউলি অ্যাপয়েন্টেড টিচার অফ সাউ (১ম ব্যাচ)' শীর্ষক কোর্সের সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। বহিরাঙ্গন কার্যক্রম আয়োজিত দুই দিনব্যপী এই কোর্সে মোট ৪০ জন শিক্ষক অংশ নেন। ১৩ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল অনুষদ ভবনের সেমিনার কক্ষে ট্রেনিং প্রোগ্রামের সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বহিরাঙ্গন কার্যক্রমের পরিচালক প্রফেসর ড. মো: মোফাজ্জল হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, নিজেকে সমৃদ্ধ ও দক্ষ করতে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। পেশাগত দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রাপ্ত প্রশিক্ষণ বাস্তব জীবনে প্রয়োগ করতে হবে। বিশ্ববিদ্যালয়ে আইনের শাসন সমুন্নত রাখার পাশাপাশি সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে যার যার ওপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে।

## শেকৃবিতে কুকুরের টিকাদান ও বন্ধ্যাকরণের কর্মসূচি



বেওয়ারিশ কুকুরের সংখ্যা হ্রাসে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে কুকুরের টিকাদান ও বন্ধ্যাকরণের ০৩ দিনব্যাপী কর্মসূচি সম্পন্ন হয়েছে। কর্মসূচি চলাকালীন ৭০টি কুকুরকে বন্ধ্যাকরণ ও টিকা দেয়া হয়েছে। কর্মসূচির তত্ত্বাবধানে ছিল বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের সার্জারী অ্যান্ড থেরিওজেনোলজি বিভাগ। এটি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করেছে অভয়ারণ্য এনিম্যাল ওয়েলফেয়ার ফাউন্ডেশন। ১৭ এপ্রিল সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ অনুষ্ঠানিকভাবে শেষ করেন। এ সময় উপস্থিত ছিলেন এনিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডীন প্রফেসর ড. মো: জাহাঙ্গীর আলম, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের ডীন প্রফেসর ড. মিজানুল হক কাজল, কৃষকরত্ন শেখ হাসিনা হলের প্রভোস্ট ড. আয়েশা আক্তার, প্রফেসর ড. রফিকুল ইসলামসহ বিভিন্ন অনুষদের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা।

উপাচার্য ড. কামাল উদ্দিন বলেন, এটি একটি প্রশংসনীয় উদ্যোগ। বেওয়ারিশ কুকুর বন্ধ্যাকরণ কার্যক্রমের মাধ্যমে ক্যাম্পাস প্রাঙ্গণে কুকুরের সংখ্যা অনেকাংশে হ্রাস করা যাবে এবং মানুষ কুকুর ঘটিত রোগ-ব্যাধি হতে সহজেই মুক্তি পাবে। তিনি আরও বলেন, শিক্ষার্থীরাও হাতে-কলমে অস্ত্রোপচার শেখার সুযোগ পেল এতে। ভবিষ্যতে এ ধরনের জনকল্যাণমূলক কর্মসূচি গ্রহণে উদ্বুদ্ধ করা হবে।

## শেকৃবিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৬ জুন) প্রশাসনিক ভবনের সেমিনার কক্ষে দিনব্যাপী এ কর্মশালা উদ্বোধন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ । বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. আনোয়ারুল হক বেগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. মো: খালেদ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্ট্র্যাটেজিক প্লানিং, কোয়ালিটি অ্যাসিউরেন্স বিভাগের পরিচালক ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া। রেজিস্ট্রার শেখ রেজাউল করিমের সঞ্চালনায় অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. মো. মিজানুর রহমান।

বিশ্ববিদ্যালয়ের র‌্যাংকিংয়ে ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বলেন, যখন আমাদের কিছু ছিল না তখন আমাদের বিশ্ববিদ্যালয় র‌্যাংকিংয়ে ছিল। এখন এত এত সুযোগ সুবিধা পাওয়া পরও তালিকায়ও আমাদের অবস্থান নেই। বিশ্ববিদ্যালয়সমূহের র‌্যাংকিংয়ে উপযুক্ত স্থান পেতে ইউজিসি কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে বলেও তিনি জানান।



## গবেষণার পরিধি বৃদ্ধিতে শেকৃবি'র সাথে বিএলআরআই সমঝোতা চুক্তি



শিক্ষার্থীদের ইন্টার্নশিপ, প্রশিক্ষণ ও যৌথ গবেষণার পরিধি বাড়াতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মাঝে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২৩ জানুয়ারি বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে এ চুক্তি স্বাক্ষরিত হয়। শেকৃবি'র পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ এবং বিএলআরআই পক্ষে মহাপরিচালক ড. নাথু রাম সরকার এ চুক্তিতে স্বাক্ষর করেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: আনোয়ারুল হক বেগ এবং বিএলআরআই পক্ষে ড. মো: আবদুল জলিল চুক্তি সাক্ষী হিসেবে স্বাক্ষর করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর আলম। বিএলআরআই মহাপরিচালক ড. নাথু রাম সরকার বক্তব্যে বলেন, বর্তমান সরকারের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ গড়ার অন্যতম হাতিয়ার প্রাণিসম্পদ শিল্প, তাই এ খাতটির গুরুত্ব দিন দিন বেড়েই চলেছে। দেশের সাধারণ মানুষের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পুষ্টি উপাদান প্রাণিজ আমিষসহ অন্যান্য পুষ্টির চাহিদা পূরণে কৃষি খাতে প্রাণিসম্পদের ভূমিকা অনস্বীকার্য। উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন বলেন, এ সমঝোতা স্বারক দেশের প্রাণিসম্পদ সেক্টর উন্নয়নে ও এর সাথে সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে। এ স্বারক স্বাক্ষর করায় তিনি বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালকসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।



## শেকৃবির ৫৬ শিক্ষার্থী পেল সার্জিক্যাল বক্স



শিক্ষার্থীদের প্রাণি চিকিৎসায় উদ্বুদ্ধ করতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের লেভেল-৪, সেমিস্টার-২ এর ৫৬ জন শিক্ষার্থীর মাঝে সার্জিক্যাল বক্স বিতরণ করে ঐ অনুষদের সার্জারি অ্যান্ড থেরিওজেনোলজি বিভাগ।

২৭ ফেব্রুয়ারি সকাল ১১টায় এএসভিএম অনুষদের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে সার্জিক্যাল বক্স তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। এএসভিএম অনুষদের ডিন অধ্যাপক ড. জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে এবং সার্জারি অ্যান্ড থেরিওজেনোলজি বিভাগের প্রভাষক মো. আনোয়ারুল হক এবং নুসরাত জাহানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগ। এ ছাড়াও উপস্থিত ছিলেন অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. মোঃ মোফাজ্জল হোসাইনসহ বিভিন্ন অনুষদের শিক্ষক, কর্মকর্তাবৃন্দ।

## শেকৃবির শিক্ষার্থীদের বইয়ের মোড়ক উন্মোচন



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গল্প-কবিতা সংকলন 'অন্তহীন কুঁড়ির স্বপ্ন' এর মোড়ক উন্মোচন করা হয়েছে। ২০ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে এক অনুষ্ঠানে এই মোড়ক উন্মোচন করা হয়। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, অধ্যাপক ড. মোঃ আসাদুজ্জামান খান, কবি কাজী নজরুল ইসলাম হলের প্রভোস্ট সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম ভূঁইয়া, শেকৃবি সাহিত্য সংসদের সভাপতি মাহমুদুল হাসান সোহাগ, সাংগনিক সম্পাদক মো. রাকিব খান প্রমুখ। বিশ্ববিদ্যালয়ের সাহিত্য বিষয়ক অন্যতম সংগঠন 'শেকৃবি সাহিত্য সংসদ' ও সৃজনশীল প্রকাশনা সংস্থা 'বাংলার প্রকাশন' এর যৌথ উদ্যোগে অমর একুশে গ্রন্থমেলায় 'অন্তহীন কুঁড়ির স্বপ্ন' প্রকাশিত হয়। এ গ্রন্থে ১৫টি কবিতা ও ১১টি গল্প রয়েছে। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, সাহিত্য সংসদ কর্তৃক শেকৃবির শিক্ষার্থীদের রচিত গল্প-কবিতা সম্বলিত গ্রন্থ প্রকাশ হওয়ায় আমি আনন্দিত। আমি তাদের উত্তরোত্তর উন্নতি কামনা করছি। এ সংকলন আমাদের শিক্ষার্থীদের জন্য এক অনন্য পাওয়া। আশা করি এ সংকলন বাংলা সাহিত্যে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

বইটির সম্পাদনা করেছেন রতন, নিশাত তাসনীম এবং মো. রাকিব খান। বইটির প্রকাশক আহসান আল আজাদ এবং প্রচ্ছদ শিল্পী আবুল ফাতাহ। বইটি উৎসর্গ করা হয়েছে কৃষির জীবন্ত কিংবদন্তি বাংলাদেশের সবুজ বিপ্লবের অগ্রদূত শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী কাজী পেয়ারার উদ্ভাবক ও স্বাধীনতা পদকপ্রাপ্ত জাতীয় এমিরেটাস বিজ্ঞানী ড. কাজী এম বদরুদ্দোজাকে।

## সাংবাদিকরা কাজ করে সত্য নিয়েঃ আ আ ম স আরেফিন সিদ্দিক



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (শেকৃবিসাস) কর্তৃক 'ক্যাম্পাস সাংবাদিকতার প্রতিবন্ধকতা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনার ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ১৯ মে এএসভিএম অনুষদের সম্মেলন কক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এ সেমিনার উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক ও শেকৃবিসাসের মডারেটর অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন বিডিনিউজ টোয়েন্টিফোরের সিনিয়র রিপোর্টার সোলাইমান নিলয়।

## শেকৃবিতে জাপানি মিষ্টি আলুর বাম্পার ফলন



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জাপানি মিষ্টি আলুর জাত খোকেই এর সফল অভিযোজন ও উন্নত উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন করলেন এগ্রিকালচারাল বোটানি বিভাগের অধ্যাপক ড. মো. আশাবুল হক। মিষ্টি আলুর ফলন ও পুষ্টিমান বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের কৃষকের আর্থ সামাজিক উন্নয়ন ও সুস্বাস্থ্য রক্ষার লক্ষ্যে শেকৃবি ও মারুহিসা কো: লি: (জাপান) যৌথভাবে মিষ্টি আলুর উপর ব্যাপক গবেষণা শুরু করে। উক্ত গবেষণায় অর্থায়ন করে জাইকা (JICA)। যার কার্যক্রম চলবে ২০২০ সাল পর্যন্ত। গবেষণায় শেকৃবি'র কেন্দ্রীয় গবেষণা মাঠসহ বাংলাদেশের চারটি জেলার (গাইবান্ধা, শেরপুর, বগুড়া ও শরীয়তপুর) কৃষক মাঠে পরীক্ষামূলক গবেষণা চালানো হয়। প্রথম বছরেই পরীক্ষামূলক চারটি জাতের উৎপাদন করা হয়। জাতগুলো হচ্ছে বেনি, খোকেই, খোগানে ও বারি মিষ্টি আলু ১২। এর মধ্যে খোকেই জাতের সন্তোষজনক ফলন পাওয়া যায়। যার প্রতি হেক্টরে ৩০ থেকে ৩৫ টন ফলন হয় । আর উৎপাদন প্রযুক্তিতে ব্যবহার করা হয় তৈরিকৃত উন্নতমানের জৈবসার ও মালচিং প্রক্রিয়া। এ বিষয়ে ড. আশাবুল হক বলেন, এ বছরে আমরা চারটি জাতের মধ্যে খোকেই জাতের সফল অভিযোজন ও সন্তোষজনক ফলন পেয়েছি। আশা করি মিষ্টি আলুর এ জাতটি বাংলাদেশের মানুষের আর্থ সামাজিক উন্নয়নের সঙ্গে সঙ্গে ভিটামিন-এ এর ঘাটতি পূরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। প্রকল্পের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ ও সিনিয়র ইনভেস্টিগেটর উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, মূল গবেষণা কার্যক্রম পরিচালনা করছেন প্রফেসর ড. মো: আশাবুল হক।



## দেশে প্রথমবারের মতো ইঁদুরে ক্ষতিকর গনজাইলোনেমা শনাক্ত



দেশে প্রথমবারের মতো ইঁদুরের মধ্যে মানুষের অন্তঃপরজীবী (কৃমি) গনজাইলোনেমা শনাক্ত করতে সফল হয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি ও প্যারাসাইটোলজি বিভাগের একদল গবেষক।

এ কৃমি মানুষের জন্য ক্ষতিকর এবং নানা রোগের কারণ। গবেষকদের দাবি, বাংলাদেশে তারাই প্রথম এই কৃমি শনাক্ত করতে সক্ষম হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি ও প্যারাসাইটোলজি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক ড. উদয় কুমার মহন্তর নেতৃত্বে একদল তরুণ গবেষক ২০১৭ সালের মে মাস থেকে এই গবেষণা কার্যক্রম শুরু করেন। গবেষক দলের অন্য সদস্যরা হলেন বিশ্ববিদ্যালয়ের প্রভাষক এস এম আব্দুল্লাহ এবং মাস্টাসের্র শিক্ষার্থী অমৃত বর্মন। সাউরেসের এক প্রকল্পের মাধ্যমে তারা এ গবেষণা কার্যক্রম চালান।

এই কাজের প্রধান লক্ষ্য ছিল ইঁদুরের মাধ্যমে যেসব অন্তঃপরজীবী (কৃমি) মানুষের মধ্যে রোগ ছড়ায় সেগুলোকে অঙ্গসংস্থানিক বৈশিষ্ট্যের আলোকে শনাক্ত করা এবং তাদের বিস্তার নির্ণয় করা। গবেষকদলের একজন অমৃত বর্মন। তিনি বলেন, গনজাইলোনেমাসহ এসব কৃমির মাধ্যমে মানুষও সংক্রমিত হতে পারে। আক্রান্ত ইঁদুরের পায়খানার মাধ্যমে কৃমিগুলোর ডিম পরিবেশে আসে। এই ডিমগুলো যখন পাখাবিহীন মাছি জাতীয় কীট (ফ্লি), গুবরে পোকা, আরশোলা ইত্যাদি ভক্ষণ করে তখন এদের দেহে মানুষ আক্রমণ করতে সক্ষম কৃমির লার্ভা তৈরি হয়। মানুষ খাবারের সঙ্গে বা অন্য যেকোনো উপায়ে আক্রান্ত ফ্লি, গুবরে পোকা, আরশোলা ইত্যাদি খেয়ে ফেললে এসব কৃমি দ্বারা আক্রান্ত হওয়ার সম্ভাবনা থেকে যায়। গনজাইলোনেমা নিওপ্লাস্টিকাম দ্বারা আক্রান্ত হলে মানুষের লালাক্ষরণ, দাঁতের ব্যথা, অন্ননালী প্রদাহ, গলবিল প্রদাহ, গ্যাস্ট্রিক আলসার, স্নায়ুবিক বিকলতা ইত্যাদি লক্ষণ দেখা দেয়।

গবেষক দলের প্রধান ড. উদয় কুমার মহন্ত জানান, আমরা এ গবেষণাকে আরো সামনে এগিয়ে নিয়ে যেতে চাই। এজন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহায়তা দরকার। এটা পেলে সাবলীলভাবে কাজ করা সম্ভব হবে।

## শেকৃবিতে আন্তঃসেমিস্টার ক্রিকেট চ্যাম্পিয়ন এমএস-১ টিম




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আন্তঃসেমিস্টার ক্রিকেট চ্যাম্পিয়নশীপ-২০১৮'তে চ্যাম্পিয়ন হয়েছে এমএস-১ টিম। ২০ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ফাইনাল ম্যাচে ১০১ রানে এমএস-২ কে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ।এতে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন। টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেন এমএস-১ টিমে অধিনায়ক রুবেল। প্রথমে ব্যাটিং করে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৮৩ রান সংগ্রহ করে তারা। দলের হয়ে ১৭ বলে সর্বোচ্চ ৪৩ রান করেন মুন্না। ২৮ রানে চার উইকেট নিয়ে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন হাসান। আর মাহফুজ পুরো টুর্নামেন্টে ব্যাট হাতে ২৪৩ রান এবং বল হাতে ৩ উইকেট নিয়ে টুর্নামেন্ট সেরা ম্যান অব দ্যা টুর্ণামেন্ট হয়েছেন। প্রতিযোগিতার সার্বিক তত্ত্বধায়ন করেন শরীরচর্চা বিভাগের অতিরিক্ত পরিচালক ও জাতীয় রেডিও ধারা ভাষ্যকার মোহাম্মদ সালাউদ্দিন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন শেকৃবি শরীরচর্চা বিভাগের পরিচালক প্রফেসর ড. কামাল উদ্দিন আহমেদ। প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। এছাড়া আরো উপস্থিত ছিলেন ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা।

## শেকৃবিতে নেপালি প্রিমিয়ার লীগের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে নেপালি স্টুডেন্টস এসোসিয়েশন বাংলাদেশ'র আয়োজনে নেপালি প্রিমিয়ার লীগ (এনপিএল)'র ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত ফাইনাল ম্যাচে এনাম মেডিকেল কলেজকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় হলি বুয়েট টিম। জানা যায়, চলতি বছরের ২৪ জানুয়ারি ৬ টি দলের অংশগ্রহণে এনপিএল শুরু হয়। অংশগ্রহণকারী টিমগুলো হল, আনোয়ার খান মেডিকেল কলেজ, সমরিতা মেডিকেল কলেজ, ইস্ট ওয়েস্ট মেডিকেল কলেজ, ডেল্টা মেডিকেল কলেজ, এনাম মেডিকেল কলেজ এবং হলি বুয়েট কমিউনিটি (হলি ভিশন মেডিকেল কলেজ, ঢাকা কমিউনিটি মেডিকেল কলেজ এবং বুয়েট)। সবাইকে পিছনে ফেলে ফাইনালে উঠে এনাম মেডিকেল কলেজ ও হলি বুয়েট টিম। রবিবার বিকাল ৩ টায় অনুষ্ঠিত ফাইনাল খেলায় প্রথমে উভয় দল ড্র করে। পরে সুপার ওভারে এনাম মেডিকেলকে হারিয়ে জয় ছিনিয়ে নেয় হলি বুয়েট টিম। হলি বুয়েট টিমের বিবেক জাদব সর্বোচ্চ ৩২ রান করে ম্যান অব দ্য ম্যাচ নির্বাচিত হন। ম্যান অব দ্য সিরিজ হয়েছেন একই ক্লাবের অজিত গুপতা। খেলা শেষে চ্যাম্পিয়ন এবং রানার্সআপ দলের হাতে ট্রফি তুলে দেন প্রধান অতিথি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এসময় চ্যাম্পিয়ন টিমকে ১০ হাজার টাকা এবং রানার্সআপ দলকে ৫ হাজার টাকা পুরস্কৃত করা হয়। এছাড়া খেলোয়াড়দের ক্রেস্ট প্রদান করা হয়। নেপালিস স্টুডেন্ট এসোসিয়েশন বাংলাদেশ এর সাধারণ সম্পাদক বিরেন্দ্র কুমার শাহা'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেপাল অ্যাম্বাসির ২য় সম্পাদক দিলি আচারি, শেকৃবির উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকান্দার আলী।

## শেকৃবিতে ধূমকেতু-৭৩ ব্যাচের র‌্যাগ ডে



সদ্য স্নাতক সম্পন্ন করে কৃষিবিদ হওয়ার গৌরবময় মর্যাদা অর্জন করায় চার দিনব্যাপী র‌্যাগ ডে উদযাপনে মেতে উঠেছে ধূমকেতু-৭৩ নামধারী শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের ৭৩তম ব্যাচের শিক্ষার্থীরা। ২ ফেব্রুয়ারি শেষ হয়েছে তাদের এ অনুষ্ঠান যজ্ঞ।

গত বুধবার ধর্মীয় গ্রন্থ বিতরণ, বর্ণাঢ্য র‌্যালি ও ফানুস উড্ডয়নের মধ্য দিয়ে তাদের র‌্যাগ ডে'র অনুষ্ঠান শুরু হয়। এসব কর্মসূচির শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের শিক্ষকরাও উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য শিক্ষার্থীদেরকে দেশের কল্যাণে নিজেদের নিয়োজিত রাখার আহ্বান জানান। দ্বিতীয় দিন বর্ণিল সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। তৃতীয় দিন ক্যাম্পাস মাতাতে আসে দেশের স্বনামধন্য ব্যান্ডদল শিরোনামহীন এবং সংগীতশিল্পী আরিফ ও মেরিন। এসব আয়োজনের স্পন্সরশিপে ছিল- দেশীয় কোমল পানীয় পণ্য প্রাণ আপ।

## শেকৃবিতে ওয়ান হেলথ ওরিয়েন্টেশন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ওয়ান হেলথ ওরিয়েন্টেশন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২০ জুন ২০১৯ বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের সেমিনার গ্যালারিতে ওয়ান হেলথ সেক্রেটারিয়ট বাংলাদেশের সহযোগিতায় এ সেমিনারের আয়োজন করা হয়।

শেকৃবি'র মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান এবং ওয়ান হেলথ বাংলাদেশের জাতীয় সমন্বয় কমিটির অন্যতম সদস্য ড. কেবিএম সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিন প্রফেসর ড. মো: জাহাঙ্গীর আলম। এছাড়া সম্মানিত অতিথি এবং আলোচক হিসেবে উপস্থিত ছিলেন রোগ তত্ত্ব, নিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউট (আইইডিসিআর) এর মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা প্রফেসর ড. তাহমিনা শিরীন এবং ওয়ান হেলথ বাংলাদেশের কোষাধ্যক্ষ ডা. আবুল কালাম আজাদ প্রমুখ।

কর্মশালায় আলোচকবৃন্দ বিশ্বে বিভিন্ন ক্ষতিকর রোগ-ব্যাধির বিস্তার, প্রভাব ও প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা এবং এক্ষেত্রে ওয়ান হেলথ এর ভূমিকা এবং গুরুত্ব সর্ম্পকে আলোকপাত করেন। এ ধরনের কর্মশালার গুরুত্ব ও প্রয়োজনীতা প্রসঙ্গে আয়োজনকারী কর্তৃপক্ষ হিসেবে ড. কেবিএম সাইফুল ইসলাম জানান, "সারা বিশ্বে ওয়ান হেলথ বা একস্বাস্থ্য এখন একটি গুরুত্বপূর্ণ বিষয় হলেও বাংলাদেশে এই ধারনাটি তুলনামূলক নতুন। এই কর্মশালার মাধ্যমে শিক্ষার্থীদের এক স্বাস্থ্য



বিষয়ক প্রাথমিক ধ্যান-ধারনার সৃষ্টি হবে। সামগ্রিক স্বাস্থ্য সুরক্ষায় মানুষের স্বাস্থ্যের পাশাপাশি যে প্রাণি ও পরিবেশের স্বাস্থ্যের দিকে খেয়াল রাখা উচিত এই বোধ তৈরি হবে এবং সেটা নিয়ে কাজ করার আগ্রহ জন্মাবে।" কর্মশালায় অংশগ্রহণকারী ৫০ জন ভেটেরিনারি শিক্ষার্থীর সুবিধার্থে ফ্রি রেজিস্টেশন এবং কর্মশালা বিষয়ক ম্যাটেরিয়াল বিনা মূল্য প্রদান করা হয়।

## শেকৃবিতে বিশ্ব ভেটেরিনারি দিবস উদযাপিত




বিশ্ব ভেটেরিনারি দিবস উপলক্ষে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে বর্ণাঢ্য র‌্যালি এবং প্রাণী স্বাস্থ্য পরীক্ষা ও টিকাদান ক্যাম্পিং হয়েছে। এর আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের শিক্ষার্থীরা। শেখ কামাল অনুষদ ভবন থেকে বর্ণাঢ্য র‌্যালি শুরু হয় এবং এর উদ্বোধন করেন অনুষদের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর আলম। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে র‌্যালির সমাপ্তি ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

র‌্যালি শেষে খামারে ফ্রি প্রাণী স্বাস্থ্য পরীক্ষা ও টিকাদান ক্যাম্পিং হয়। এ সময় বিশ্ববিদ্যালয় ও পাশ্ববর্তী এলাকার গরু, ভেড়া, ঘোড়া ও কুকুরসহ বেশ কিছু পোষা প্রাণির চিকিৎসা সেবা প্রদান করা হয়। এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেন ড. কেবিএম সাইফুল ইসলামসহ নবাগত কয়েকজন শিক্ষক ও ইন্টার্ন শিক্ষার্থীরা।



## শেকৃবিতে যথাযোগ্য মর্যাদায় শেরেবাংলার ৫৭তম মৃত্যুবার্ষিকী পালিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী ও বাঙালি জাতীয়তাবাদের মহান নেতা শেরেবাংলা আবুল কাশেম ফজলুল হকের (এ কে ফজলুল হক) ৫৭তম মৃত্যুবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। এ উপলক্ষে ২৭ এপ্রিল নানা কর্মসূচির আয়োজন করে শেকৃবি কর্তৃপক্ষ। এর মধ্যে রয়েছে মরহুমের মাজারে পুষ্পস্তবক অর্পণ, জিয়ারত ও মিলাদ মাহফিল। সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে শেরেবাংলার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। এ সময় উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনার পরিচালক প্রফেসর ড. মো. মিজানুর রহমান, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজের ডিন প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাস, রেজিস্ট্রার শেখ রেজাউল করিমসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। এরপর সকাল সাড়ে ১০ টায় শেরেবাংলার মাজারে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীসহ পুষ্পার্ঘ্য অর্পন করেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। এ সময় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় মাজার প্রাঙ্গণে বিশেষ মোনাজাত করা হয়। এছাড়া বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ মাহফিল ও দোয়ার আয়োজন করা হয়।

## শেকৃবিতে মুজিব নগর দিবস পালন



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে ঐতিহাসিক মুজিবনগর দিবস। সকাল ১০টায় একাডেমিক ভবনের স্বাধীনতা চত্বরে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এরপর প্রশাসনিক ভবনের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও স্বাধীনতা যুদ্ধে শহীদদের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগসহ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

বিকাল ৩ টায় কৃষি অনুষদের সেমিনার কক্ষে ঐতিহাসিক মুজিবনগর এবং 'বাংলাদেশ স্বাধীনতা' শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ । এসময় আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নজরুল ইসলাম প্রমুখ।

## শেকৃবিতে সরস্বতী পূজা উদযাপিত



ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় অনুষ্ঠান সরস্বতী পূজা। ১০ ফেব্রুয়ারি সকাল ৭টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে পূজা অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সনাতন ধর্মাবলম্বীর সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। পূজা শেষে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়। পূজাকে কেন্দ্র করে পুরো ক্যাম্পাস প্রাঙ্গণ আলোকসজ্জায় সজ্জিত করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী। এ ছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রী শ্রী রাধাকৃষ্ণ মাতৃ ভান্ডার মন্দিরের সভাপতি প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাস ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. অলক কুমার পাল। অনুষ্ঠানে সরস্বতী পূজা শুভেচ্ছা বিনিময় করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

## শেকৃবিতে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত



নানা কর্মসূচির মধ্য দিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে বঙ্গবন্ধুর ১০০তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস। কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ, শুভ যাত্রা, আলোচনা সভা, কেক কাটা, শিশু-কিশোর প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিযোগিতা, পুরস্কার বিতরনী, সমাপনী বক্তব্য ও দোয়া। সকাল ৮টায় প্রশাসনিক ভবনের ভিতরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগসহ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীরা। কেন্দ্রীয় খেলার মাঠে এক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।

## নানা আয়োজনে শেকৃবিতে স্বাধীনতা দিবস উদযাপন




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। ২৬ শে মার্চ সকাল ৬ টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচি শুরু হয়।

এরপর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন। সকাল ৮টায় সাভারের জাতীয় স্মৃতিসৌধে উপাচার্য ও শেকৃবি শাখা ছাত্রলীগের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পন করা হয়। সকাল ১০টায় কেন্দ্রীয় খেলার মাঠে বিশ্ববিদ্যালয়ের কর্মরতদের শিশু সন্তান, ছাত্র-ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: আনোয়ারুল হক বেগ। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে আলোকসজ্জা এবং উন্নত মানের খাবার পরিবেশন করা হয়।

এছাড়া ২৫ মার্চ রাতে গণহত্যা দিবস উপলক্ষে শহিদদের স্মরণে শেকৃবি শাখা ছাত্রলীগের পক্ষ থেকে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।



## যথাযোগ্য মর্যাদায় শেকৃবিতে শহীদ দিবস পালিত




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় নানা আয়োজনের মধ্য দিয়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

২১ ফেব্রুয়ারি রাত ১২টা ১ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এর পরপরই পুষ্পস্তবক অর্পণ করে বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগ, শিক্ষকদের অঙ্গ সংগঠন, শেকৃবি সাংবাদিক সমিতি ও অন্যান্য সাংস্কৃতিক সংগঠন। ভাষা আন্দোলনের দুর্লভ ৪০টি ছবি প্রদর্শনীর আয়োজন করে শেকৃবি ফটোগ্রাফিক সোসাইটি। বিকেল ৩টায় প্রদর্শনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। সংগঠনটির উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে বিকেল ৪টায় শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এদিকে ‘গণমাধ্যম নয়, বাংলা ভাষা বিকৃতির জন্য আমরাই দায়ী’ শীর্ষক বিতর্কের আয়োজন করে শেকৃবি ডেবেটিং সোসাইটি।

## বর্ণাঢ্য আয়োজনে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন




জাঁকজমকপূর্ণভাবে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৮তম বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে দুইদিন ব্যাপী কর্মসূচি গ্রহণ করেছিল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কর্মসূচির প্রথম দিন ১৫ জুলাই সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের সামনে জাতীয় সংগীত উচ্চারণ এবং জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় দিবস উদ্বোধন করা হয়।

এ সময় জাতীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.কামাল উদ্দিন আহাম্মদ এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ। এরপর উপাচার্য বিশ্ববিদ্যালয়ের বেলুন ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে এবং কেক কেটে অনুষ্ঠান শুরু করেন।

বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধন শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এ সময় উপাচার্য বলেন, 'কৃষি শিক্ষার পীঠস্থান হিসেবে এ বিশ্ববিদ্যালয়কে উচ্চ শিখরে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। তাই এখন সময় এসেছে জ্ঞান-বুদ্ধিকে শাণিত করে ব্যক্তিস্বার্থের উর্ধ্বে উঠে বিশ্ববিদ্যালয়কে উচ্চ আসনে নিয়ে যাওয়ার। প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান ও কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম এমপিকে ধন্যবাদ জানিয়ে উপাচার্য আরো বলেন, সকলের সহযোগিতায় শিক্ষা, গবেষণা ক্ষেত্রে দ্রুত



সামনের দিকে এগিয়ে যাচ্ছে এবং এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দেশের উন্নয়নে কাজ করে চলেছে। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো: মিজানুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠান শেষে একাডেমিক ভবন থেকে ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। বিভিন্ন ব্যানার-ফেস্টুনসহ বাদ্যযন্ত্র বাজিয়ে শোভাযাত্রায় অংশ নেন বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা। বিকেল ৩ টায় কেন্দ্রীয় খেলায় মাঠে অনুষ্ঠিত হয় প্রীতি ফুটবল ম্যাচে। বিশ্ববিদ্যালয়ের এ গৌরবের দিনের সাক্ষী হতে অনুষ্ঠানে যোগ দেন সাবেক শিক্ষার্থীরাও। দিনটি বরণ করতে বিশ্ববিদ্যালয় সাজে এক রঙিন সাজে। সর্বত্রই চোখে পড়ে লাল-নীল মরিচ বাতির ঝলক। বিভিন্ন স্থানে টাঙানো হয় দৃষ্টিনন্দন ব্যানার ও ফেস্টুন।

## শেকৃবি উপাচার্যের সঙ্গে আফগানিস্তান প্রতিনিধি দলের সাক্ষাৎ



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের সঙ্গে সাক্ষাৎ করেছেন 'স্টাডি ট্যুর টিম মেম্বারস ফ্রম আফগানিস্তান-এমএন এফএও-এর প্রতিনিধি দল। ৭ সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন ইসলামিক রিপাবলিক অফ আফগানিস্তানের ডেপুটি মিনিস্টার অফ এগ্রিকালচার ইরিগেশন অ্যান্ড লাইভ স্টকের এইচই হামদুল্লাহ হামদর্দ।

এসময় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য প্রফেসর ড. সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগসহ বিভিন্ন অনুষদের ডিন, পরিচালকসহ অন্যান্য শিক্ষকরা উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং আফগানিস্তানের মধ্যে কৃষি শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও মত বিনিময় হয়। আফগানিস্তানের ডেপুটি মিনিস্টার অফ এগ্রিকালচার ইরিগেশন অ্যান্ড লাইভ স্টকের এইচই হামদুল্লাহ হামদর্দ উচ্চশিক্ষার জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষর্থীদের বৃত্তি প্রদানে আগ্রহ প্রকাশ করেন। এসব বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্যে পৌঁছেন। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ প্রতিনিধি দলকে বাংলাদেশের কৃষিক্ষেত্রে উন্নয়নের চিত্র তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ, দূরদর্শী ও অগ্রসর চিন্তার নেতৃত্বের ফলে কৃষির আধুনিকায়নে আমরা বিশ্বের অনেক দেশের থেকেই এগিয়ে আছি। এইচই হামদুল্লাহ কৃষিসহ সবক্ষেত্রে বাংলাদেশকে সহায়তার আগ্রহ প্রকাশ করেন।

## শেকৃবিতে জাতীয় কৃষি দিবস ও নবান্ন উৎসব পালিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে বিপুল উৎসাহ-উদ্দীপনা, পিঠা খাওয়া, নাচ-গান-আনন্দ উল্লাসের মধ্য দিয়ে 'জাতীয় কৃষি দিবস ও নবান্ন উৎসব-২০১৮' পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ে সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন সমূহের সহযোগিতায় ১১ নভেম্বর ৩ ঘটিকায় 'কৃষিই কৃষ্টি-কৃষিই সমৃদ্ধি' এই প্রতিপাদ্য নিয়ে এ দিবসের আনুষ্ঠানিকতা শুরু হয়। এ উপলক্ষে র‍্যালি, পিঠা উৎসব, কৃষির চিত্র প্রদর্শনী, আলোচনা সভা শেষে সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নগরের বিভিন্ন স্থান থেকে আগত শতশত মানুষের সমাগমে অভূতপূর্ব দৃশ্যে পরিণত হয় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস। উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের নেতৃত্বে বিকেলে র‍্যালি বের করা হয়। র‍্যালিতে কৃষক-কৃষাণী সেজে আসে শিক্ষার্থীরা। এছাড়াও কৃষি যন্ত্রের প্রদর্শনী, কৃষি প্রযুক্তি এবং কৃষি স্লোগান সংবলিত প্ল্যাকার্ড প্রদর্শন করা হয়। ভিন্নধর্মী আয়োজনের মাধ্যমে স্টল নিয়ে নবান্ন উৎসবের অংশ নেয় বিশ্ববিদ্যালয়ের সকল সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনগুলো, ছিল বাংলাদেশ ছাত্রলীগ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শাখার স্টল। পরে ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগ। উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, নবান্ন উৎসবের সঙ্গে মিশে আছে বাঙালির ঐতিহ্যবাহী সংস্কৃতি। অগ্রহায়ণের শুরুতেই এপার বাংলা ও ওপার বাংলাতে চলে উৎসবের নানা আয়োজন।



## শেকৃবিতে ভিটামিন 'এ' সমৃদ্ধ ধান বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ভিটামিন 'এ' সমৃদ্ধ ধান বিষয়ক সেমিনার ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ৮ জুলাই ২০১৮ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সেমিনার কক্ষে উক্ত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ, বিশেষ অতিথি প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাউরেস এর পরিচালক প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম।

"বাংলাদেশে গোল্ডেন রাইসের গবেষণা অগ্রগতি ও নিরাপত্তা বিশ্লেষণ" শীর্ষক মূলপ্রবন্ধ উপস্থাপন করেন আর্ন্তজাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) হেলদিয়ার রাইস প্রোগ্রামের বাংলাদেশে জাতীয় পরামর্শক ড. জীবন কৃষ্ণ বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, আমাদের দেশে শিশু ও গর্ভবতী মায়েদের ভিটামিন-এ ঘাটতি জনিত সমস্যা যথেষ্ট প্রকট। যেহেতু ভাত আমাদের প্রধান খাদ্য, সুতরাং সেই খাদ্য গ্রহণ করলে যদি ভিটামিন-এ অভাবও দূর করা যায়, তবে তো তা সোনায় সোহাগা। তবে বাংলাদেশের মাঠেও এই পুষ্টিকর ধানের চাষ হবে বলে আশা ব্যক্ত করেন উপাচার্য। ড. জীবন কৃষ্ণ বিশ্বাস বলেন, গোল্ডেন রাইসের ভাত খাওয়ার মাধ্যমে বিটা-ক্যারোটিন মানবদেহে প্রবেশ করে, যা দেহে ভিটামিন-এ তে রূপান্তরিত হয়। বিভিন্ন পরিক্ষা নিরিক্ষার এ রাইসে অ্যালার্জিসিটি ও টক্সিসিটির কোন প্রভাব পাওয়া খুঁজে পাওয়া যায়নি। কাজেই গোল্ডেন রাইস গ্রহণে পার্শ্বপতিক্রিয়া জনিত স্বাস্থ্যঝুঁকি নেই।



## শেকৃবিতে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত সেমিনার গ্যালারি ও লাইব্রেরি উদ্বোধন



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত সেমিনার গ্যালারি এবং সেমিনার লাইব্রেরি উদ্বোধন করা হয়েছে। ১৯ জুলাই সকাল সাড়ে ১০ টায় বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এই সেমিনার রুম উদ্বোধন করেন। হেকেপ সাব-প্রজেক্ট সিপি-৬২০৩ এর মাধ্যমে সেমিনার গ্যালারিতে মাল্টিমিডিয়া, আধুনিক সাউন্ড সিস্টেম, ডিজিটাল স্ক্রিন, শীতাতাপ নিয়ন্ত্রিত অত্যাধুনিক সুবিধা সম্বলিত। উদ্বোধনী অনুষ্ঠানে এসময় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগসহ বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, বিভাগীয় প্রধানসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন উপ-প্রকল্প পরিচালক প্রফেসর ড. মো: মোফাজ্জল হোসাইন।

## শেকৃবি উপাচার্যের সঙ্গে আমেরিকা প্রতিনিধি দলের সাক্ষাৎ



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের সঙ্গে সাক্ষাৎ করেছেন জর্জিয়া বিশ্ববিদ্যালয়, আমেরিকা প্রতিনিধি দল। ৩১ জুলাই ২০১৮ বিকেলে উপাচার্য কনফারেন্স রুমে তারা সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বিশ্বব্যাপী প্রোগ্রামের পরিচালক প্রফেসর ড. অমৃত বার্ট। এসময় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পোস্ট গ্রাজুয়েট ডীন প্রফেসর ড. পরিমল কান্তি বিশ্বাস, ফিশারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক. ড. কাজী আহসান হাবিব উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন একোয়াকালচার বিভাগের চেয়ারম্যান ড. এ. এম. সাহাবউদ্দিন। সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং জর্জিয়া বিশ্ববিদ্যালয় মধ্যে শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও মত বিনিময় হয়। এছাড়া উভয় প্রতিষ্ঠান যৌথ উদ্যোগে সেমিনার, ওয়ার্কশপের আয়োজন করা আগ্রহ প্রকাশ করেন। এসব বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্যে পৌঁছেন। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ প্রতিনিধি দলকে বাংলাদেশের কৃষিক্ষেত্রে উন্নয়নের চিত্র তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ, দূরদর্শী ও অগ্রসর চিন্তার নেতৃত্বের ফলে কৃষির আধুনিকায়নে আমরা বিশ্বের

## শেকৃবিতে ফ্যাব ল্যাব এর যাত্রা শুরু




কৃষিতে আধুনিক প্রযুক্তি উদ্ভাবন এবং নাগরিক জীবনে কৃষির বিকাশের ধারনা নিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু করল ফ্যাব ল্যাব। ১৬ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ড. ওয়াজেদ মিয়া কেন্দ্রীয় গবেষণাগারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ ল্যাব উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. আক্তার হোসে। প্রফেসর নূর মোহাম্মদ রহমতউল্লাহ এর সভাপতিত্বে এবং এসপিএম প্রফেসর ড. আবু হাসনাত এম. সোলেয়মানে পরিচালনায় উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফ্যাব ল্যাবে নির্বাহী পরিচালক যোগেশ রমেশ কুলকার্নি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, শিক্ষা ও গবেষণায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় জাতীয়ভাবে ভালো অবস্থানে রয়েছে। আমাদের এই অগ্রগতি ধরে রাখতে হবে। যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে গবেষণা কার্যক্রম আরও দক্ষতার সাথে পরিচালনা করতে হবে। তিনি বলেন, এই ফ্যাব্রিগেশন ল্যাবরেটরিকে নিজের পায়ে দাঁড়াতে হবে। এ জন্য জনগণের চাহিদা অনুযায়ী পন্য তৈরী ও সঠিক বিপণনের ব্যবস্থা করতে হবে। পরে উপাচার্য ও অতিথিগণ ল্যাবের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। উপস্থিত অতিথিরা এ ফ্যাব ল্যাব কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে বলেন, এর ভবিষ্যৎ খুবই ভালো, সঠিক দিক নির্দেশণা পেলে এটি দেশে ও বিদেশে শেকৃবির জন্য সুনাম অর্জন করতে সক্ষম হবে। অনুষ্ঠানে সকল অনুষদের ডীন, বিভিন্ন বিভাগীয় প্রধান, আমন্ত্রিত অতিথিগণ অংশগ্রহণ করেন।

## শেকৃবির সঙ্গে বিএফআরআই সমঝোতা চুক্তি স্বাক্ষরিত




মাৎস্যবিজ্ঞানের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ, প্রশিক্ষণ ও যৌথ গবেষণার পরিধি বাড়াতে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (বিএফআরআই)-এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ১১ জুলাই ২০১৮ বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কনফারেন্স রুমে এ চুক্তি স্বাক্ষরিত হয়। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএফআরআই-এর মহাপরিচালক ড. ইয়াহিয়া মাহমুদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: আনোয়ারুল হক বেগসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন একোয়াকালচার বিভাগের চেয়ারম্যান ড. এ. এম. সাহাবউদ্দিন। শেকৃবি'র পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ এবং বিএফআরআই পক্ষে মহাপরিচালক ড. ইয়াহিয়া মাহমুদ চুক্তিতে স্বাক্ষর করেন। ফিশারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক. ড. কাজী আহসান হাবিব এবং বিএফআরআই পক্ষে ড. মো. এনামুল হক চুক্তি সাক্ষী হিসেবে স্বাক্ষর করেন। প্রধান অতিথির বক্তব্যে ড. ইয়াহিয়া মাহমুদ বলেন, বাংলাদেশের মৎস্য সেক্টরে গর্বের জায়গা যেমন রয়েছে তেমনি চ্যালেঞ্জও আছে। গুণগত মানসম্পন্ন পোনা উৎপাদন, জনবল সংকট, চাষযোগ্য জমির স্বল্পতা ইত্যাদি চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারি সহায়তায় বিএফআরআই কাজ করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কারিগরি সহযোগিতা পেলে এই চ্যালেঞ্জ মোকাবেলা সম্ভব হবে।

## শেকৃবি'র সাথে সিনজেনটা সমঝোতা চুক্তি



শস্য সংরক্ষণ, বীজ পণ্য ও সেবা-পরিষেবাদি উন্নয়নে সহযোগিতা এবং প্রযুক্তি হস্তান্তরের উদ্দেশ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং সিনজেনটা এর মধ্যে এক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ০২ ডিসেম্বর বেলা ৩ টায় বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক ভবনের উপাচার্য কনফারেন্স কক্ষে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগসহ বিভিন্ন অনুষদের ডিন, পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। শেকৃবি'র পক্ষ থেকে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এবং সিনজেনটা এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক এ এম এম গোলাম তৌহিদ চুক্তিতে স্বাক্ষর করেন। এসময় উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন বলেন, এ সমঝোতা স্বারক দেশের কৃষি সেক্টর উন্নয়নে ও এর সাথে সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে। এ স্বারক স্বাক্ষর করায় তিনি সিনজেনটা ব্যবস্থাপনা পরিচালকসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

## মিষ্টি আলু গবেষণায় শেকৃবি ও মারুহিসা কো: লি: (জাপান)-এর মধ্যে গবেষণা চুক্তি সম্পাদন



মিষ্টি আলুর ফলন ও পুষ্টিমান বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের কৃষকের আর্থ সামাজিক উন্নয়ন ও সুস্বাস্থ্য রক্ষার লক্ষ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ও মারুহিসা কো: লি: (জাপান) যৌথভাবে মিষ্টি আলুর উপর ব্যাপক গবেষণা শুরু করতে যাচ্ছে। ২৪ অক্টোবর ২০১৮ বিকাল ৪.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে এই চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত গবেষণায় অর্থায়ন করবে জাইকা (জাপান)। শেকৃবি'র গবেষণা মাঠসহ বাংলাদেশের চারটি জেলায় (গাইবান্ধা, শেরপুর, বগুড়া ও শরীয়তপুর) কৃষক মাঠে কার্যক্রম চলবে আগামী ২০২০ সাল পর্যন্ত। উক্ত প্রকল্পের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ ও সিনিয়র ইনভেস্টিগেটর উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, মূল গবেষণা কার্যক্রম পরিচালনা করছেন প্রফেসর ড. মো: আশাবুল হক। মারুহিসা কোঃ লিঃ জাপান এর পক্ষে মিঃ ইয়াসুজি কাছাটানি, চিফ অফ ফুড প্রসেসিং ডিপার্টমেন্ট (জাপান) এবং শেকৃবি'র পক্ষে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এ চুক্তিতে স্বাক্ষর করেন। এসময় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগসহ মূল গবেষণা কার্যক্রমের পরিচালক প্রফেসর ড. মো: আশাবুল হক উপস্থিত ছিলেন।

## পোল্ট্রি শিল্পের বিকাশে শেকৃবিতে পোল্ট্রি রোগের উপর আর্ন্তজাতিক মানের প্রশিক্ষণ




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগ যুক্তরাষ্ট্রের বিশ্বখ্যাত এনিমেল হেলথ কোম্পানী "ফাইব্রো এনিম্যাল হেলথ কর্পোরেশন" এর সহযোগিতায় বাংলাদেশি প্রাণি চিকিৎসকদের প্রোল্ট্রি রোগ নির্ণয় এবং সঠিক চিকিৎসার মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিতকরণে বিদেশী বিশেষজ্ঞদের উপস্থিতিতে ৩ দিন ব্যাপী "পোল্ট্রি রোগ ও আন্ত্রিক স্বাস্থ্য ব্যবস্থাপনাঃ জনস্বাস্থ্য রক্ষার জন্য নিরাপদ পোল্ট্রি উৎপাদনের পদ্ধতি" শীর্ষক কর্মশালার অনুষ্ঠিত হয়েছে। ১০ সেপ্টেম্বর শেখ কামাল অনুষদ ভবনস্থ সেমিনার গ্যালারিতে উক্ত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো: রইছউল আলম মন্ডল। বিশেষ অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পোল্ট্রি রোগ বিশেষজ্ঞ ফাইব্রো ব্রাজিলের টেকনোলজি ডেভেলপমেন্ট বিষয়ক পরিচালক ড. সিজার লোপেজ। মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান ও প্রোগ্রাম কোঅর্ডিনেটর ড. কে বি এম সাইফুল ইসলাম এর সঞ্চালনায় এবং অনুষদীয় ডিন অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম সভাপতিত্ব করেন।

## ফ্রান্সের প্রশিক্ষণ পেলেন ৯০ জন বাংলাদেশি প্রাণিচিকিৎসক



বাংলাদেশে পোল্ট্রির বিজ্ঞানসম্পন্ন স্বাস্থ্য ব্যবস্থাপনা, সঠিকভাবে রোগবালাই নির্ণয়, চিকিৎসা এবং প্রতিরোধের জন্য প্রয়োজনীয় দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে পোল্ট্রির রোগের উপর বাংলাদেশের ৯০ জন প্রাণি চিকিৎসককে আর্ন্তজাতিক উচ্চতর প্রশিক্ষণ দিয়েছে ফ্রান্স। বিশ্বের শীর্ষস্থানীয় প্রাণী স্বাস্থ্য বিষয়ক প্রতিষ্ঠান ফ্রান্সের সেভা সান্তে এনিমালি (সেভা) ও বিশ্বের সুপ্রাচীন প্রাণিচিকিৎসা বিষয়ক শিক্ষাপ্রতিষ্ঠান ফ্রান্স ন্যাশনাল ভেটেরিনারি স্কুল (এনভা) এর সাথে ত্রিপক্ষীয় চুক্তির আওতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এর এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগ কর্তৃক বাস্তবায়িত ৩য় বারের প্রশিক্ষণ কার্যক্রম এবছরের জুলাই মাসে শুরু হয়ে অক্টোবর মাসে সমাপ্ত হয়। তিন বছরের জন্য স্বাক্ষরিত এ চুক্তির আওতায় রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগের মাধ্যমে প্রতি বছর সারা দেশের ভেটেরিনারিয়ানদের মধ্য থেকে নির্বাচিত ৩০ জন প্রশিক্ষণার্থী নিয়ে চার মাসে চার সপ্তাহব্যাপী এ প্রশিক্ষণ দেয়া হয়।

## শেকৃবিতে ইন্টার্নশিপ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এনিমেল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের তৃতীয় তম ব্যাচের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। ১০ অক্টোবর এএসভিএম অনুষদের সেমিনার কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন প্রাণিসম্পদ অধিদপ্তরে মহাপরিচালক ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এএসভিএম অনুষদের ডীন প্রফেসর. ড. মো: জাহাঙ্গীর আলম। ডা. উদয় কুমার মহন্ত এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা এবং ইন্টার্ণশিপে শিক্ষার্থীরা অংশগ্রহন করেন। এই ইন্টার্ণশিপ প্রোগ্রামে ৪৭ জন শিক্ষার্থী অংশ নিবে। আগামী ৬ মাস শিক্ষার্থীরা দেশে বিভিন্ন জায়গায় ও ভারতে ৬ মাস ইন্টার্ণি করবে। উক্ত অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে লগ বুক বিতরন করা হয়। উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন বলেন, পোলট্রি শিল্প দেশের আমিষ চাহিদা পূরণে পাশাপাশি যুবকদের কর্মসংস্থান সৃষ্টিতে বড় ভূমিকা রাখছে। গ্রামের কৃষক ঘরের পাশে হাঁস-মুরগি পালছে। ডিম বিক্রি করছে। গ্রামে গেলে দেখা যায়, একজন কৃষক তার ছোট্ট বাড়িতে এক সঙ্গে হাঁস-মুরগি ও গরু পালন করছে। বিভিন্ন সবজি উৎপাদন করছে। বাড়ির সঙ্গেই টং দোকান বানিয়ে সেখানে তার উৎপাদিত পণ্য বিক্রি করছে। এগুলো আমাদের প্রবৃদ্ধিতে ভূমিকা রাখছে।

## উন্নয়ন মেলার শেকৃবি অংশগ্রহণ



'উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ' স্লোগানে দেশব্যাপী আয়োজিত চতুর্থ জাতীয় উন্নয়ন মেলার-২০১৮ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ০৪ অক্টোবর প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ মেলার উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বর্তমান সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম জনগণের কাছে তুলে ধরতে রাজধানী ঢাকাসহ একযোগে দেশের সকল জেলা ও উপজেলায় চতুর্থ জাতীয় উন্নয়ন মেলা অনুষ্ঠিত হয়। রাজধানী ঢাকায় শেরেবাংলা নগরে আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে অনুষ্ঠিত এ মেলা শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। মেলার উপলক্ষে আয়োজিত ' শিক্ষিত জাতি সমৃদ্ধ দেশ- শেখ হাসিনার বাংলাদেশ' সেমিনারে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

## শান্তিপূর্ণভাবে শেকৃবি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০১৯ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ৭ ডিসেম্বর শুক্রবার সকাল সাড়ে ১০ টা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর ১৫ টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার হলে ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ফোনসহ যোগাযোগ করা যায়- এমন ইলেক্ট্রনিক ডিভাইস শিক্ষার্থীদের সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। আর ভর্তি পরীক্ষায় জালিয়াতি, অসদুপায় ও অনিয়ম ঠেকাতে সার্বক্ষণিক দায়িত্ব পালন করে ভ্রাম্যমাণ আদালত। ৪ টি অনুষদে ৬২০ আসনের বিপরীতে চলতি শিক্ষাবর্ষে আবেদন করেছে ৩৩ হাজার ৩ শত ০১ জন প্রতিযোগী। এক আসনের বিপরীতে গড়ে ৫৪ জন শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অংশগ্রহণ করে। উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, কোনো ধরনের অনিয়ম ছাড়া সকলের সার্বিক সহযোগিতায় উৎসবমুখর পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কামাল উদ্দিন আহাম্মদ কৃষিতে নারীদের অংশগগ্রণ বাড়ছে উল্লেখ করে বলেন, এবারের পরীক্ষায়ও অধিকাংশ মেয়ে। ছেলেদের সংখ্যা তুলনামূলক একটু কম। প্রায় ৫৫ থেকে ৬০ শতাংশই মেয়ে ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে। এর আগে পরীক্ষায়ও একই চিত্র দেখা গেছে।

ভর্তি পরীক্ষার্থী শাকিলা আক্তার বলেন, অনেক জায়গায় পরীক্ষা দিলাম এখন পর্যন্ত কিন্তু এরকম নিরাপত্তা ব্যবস্থা আমি দেখিনি, এ বিশ্ববিদ্যালয় প্রশাসন কে ধন্যবাদ। অন্যান্য জায়গায় পরীক্ষার আগেই শুনতাম প্রশ্ন ফাঁস হয়েছে, কিন্তু এখানে এমন কোন কিছুই শুনিনি আমি। বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত তৃতীয় বর্ষের শিক্ষার্থী জান্নাত চৌধুরী জানান শেকৃবি পরিবার একটি সুষ্ঠু সুন্দর পরীক্ষা উপহার দিতে সক্ষম হয়েছে, কেউ কোন অভিযোগ উঠাতে পারেনি, যা আমাদের জন্য গর্বের। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার অধ্যাপক মো: আনোয়ারুল হক বেগ, রেজিস্ট্রার শেখ রেজাউল করিম পরীক্ষার হল পরিদর্শন করেন।

## শেকৃবির ৭৫ কোটি ৪২ লাখ টাকার বাজেট ঘোষণা

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা, গবেষণা এবং ভৌত অবকাঠামো উন্নয়নের পরিকল্পনাকে বিবেচনায় নিয়ে ২০১৭-১৮ অর্থবছরের ৭৫ কোটি ৪২ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। উপাচার্য সম্মেলন কেন্দ্রে সিন্ডিকেটের ৮২তম সভায় এ বাজেট অনুমোদিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। উক্ত সভায় ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটও অনুমোদিত হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ বাজেট উপস্থাপন করেন।

উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, বাজেটে সরকারের নিয়মনীতি সমুন্নত রেখে এবং সীমিত সম্পদের সদ্ব্যবহার করে একাডেমিক উন্নয়নে শিক্ষা, আনুষঙ্গিক ও ছাত্র-ছাত্রী সহায়ক তহবিলের বরাদ্দ বাড়ানো হয়েছে। এছাড়া অপচয় রোধ এবং আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপও গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা যায়, এবারের এ বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সরকারি অনুদান হিসাবে ৬৮ কোটি ৪২ লাখ টাকা বরাদ্দ দিয়েছে। অবশিষ্ট ৭ কোটি টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র থেকে আয় ধার্য করা হয়েছে। উক্ত বাজেটে বেতন ভাতাদি খাতে ৫৫ কোটি ৩৫ লাখ টাকা, সাধারণ আনুষাঙ্গিক খাতে ৭ কোটি ১৭ লাখ টাকা, শিক্ষা আনুষঙ্গিক খাতে ৫ কোটি ৮০ লাখ টাকা, পেনশন খাতে ৪ কোটি টাকা, মেরামত সংরক্ষণ ও পুনর্বাসন খাতে ১ কোটি টাকা ও সম্পদ সংগ্রহ বা ক্রয় খাতে ২ কোটি ১০ লাখ টাকা নির্ধারণ করা হয়েছে। তবে গবেষণা প্রকল্প ব্যয় ধরা হয়েছে মাত্র ৫০ লাখ টাকা। গবেষণায় পর্যাপ্ত পরিমাণ আর্থিক অনুদান না থাকায় বিশ্ববিদ্যালয়ে গবেষণা কার্যক্রম কিছুটা পিছিয়ে পড়েছে বলে মনে করেন সংশ্লিষ্ট অনেকেই।

## শেকৃবিতে সুশাসন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) উদ্যোগে সুশাসন বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০৮ অক্টোবর ২০১৮ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ এই কর্মশালা উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার ও সহকারী রেজিস্ট্রারদের অংশগ্রহণে দিনব্যাপী এ কর্মশালা অনুষ্ঠিত হয়। আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. তুহিন শুভ্র রায়ের সঞ্চালনায় কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মো: আসাদুজ্জমান খান। কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন বিআইএম এর ব্যবস্থাপনা উপদেষ্টা এম আমিনুর। এসময় প্রধান অতিথির বক্তব্যে কর্মকর্তাদের উদ্দেশ্যে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, বিশ্ববিদ্যালয়ের সার্বিক মান উন্নয়নের জন্য প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। এছাড়া কর্মকর্তাদের সময়মতো অফিসে আসার এবং সততার সঙ্গে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন তিনি।

## শেকৃবিতে 'প্রাণী মোটাতাজাকরণ; অসাধুপন্থা অবলম্বন ও প্রতিকার' শীর্ষক সংবাদ সম্মেলন



১৬ আগস্ট ২০১৮ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল অনুষদ ভবনের সেমিনার কক্ষে 'প্রাণী মোটাতাজাকরণ; অসাধুপন্থা অবলম্বন ও প্রতিকার' শীর্ষক সংবাদ সম্মেলনে অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সংবাদ সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম। মূল প্রবন্ধে তিনি বলেন, সামাজিক সচেতনতার ফলে খামারিরা গরু মোটাতাজা করতে এখন মাত্রারিক্ত স্টেরয়েড ব্যবহার করে না। তবে কিছু অসাধু ব্যবসায়ী এখনও গরু মোটাতাজা করতে মাত্রাতিরিক্ত স্টেরয়েড ব্যবহার করছেন। সেক্ষেত্রে ক্রেতাকে গরু কেনার ক্ষেত্রে সচেতন থাকতে হবে। অসুস্থ গরু চেনার সহজ উপায় সম্পর্কে তিনি বলেন, মাত্রাতিরিক্ত স্টেরয়েড প্রয়োগ করা গরুর পেছনের দিকে উরুর পেশীবহুল মাংসতে চাপ দিলে মাংস দেবে যাবে। কারণ বাইরে থেকে মাংস মনে হলেও সেখানে মাংসের সঙ্গে প্রচুর পরিমাণে পানি থাকে। এছাড়া অসুস্থ গরু ঠিকমতো চলাফেরা করতে এবং খাবার খেতে পারে না। সংবাদ সম্মেলনে প্রাণিসম্পদ অধিদপ্তরের উপ- পরিচালক ডা. আব্দুল হালিম বলেন, গত বছর এক কোটি চার লাখ গবাদি প্রাণী কোরবানি করা হয়েছিল। এ বছর এক কোটি ১৬ লাখ গবাদি প্রাণী কোরবানির জন্য প্রস্তুত। তাই কোরবানির জন্য এখন আমাদের আর অন্য দেশের উপর নির্ভর করতে হবে না। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন-জাতীয় চিড়িয়াখানার কিউরেটর ডা. এস এম নজরুল ইসলাম, বাংলাদেশ প্রাণী গবেষণা ইনস্টিটিউটের বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. বিপ্লব কুমার দাস, অধ্যাপক ডা. কেভিএম সাইফুল ইসলাম প্রমুখ। ভেটিরিনারি চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়া গবাদি প্রাণীর ওষুধ বিক্রি বন্ধে সরকারকে দ্রুত পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন প্রাণিবিজ্ঞানীরা।

## শেকৃবিতে বৃক্ষরোপণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান



জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদের স্মরণে ৩০ লক্ষ বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি ও পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। ৩০ জুলাই সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ এ কর্মসূচির উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি চত্বর, ছাত্রলীগের অফিস চত্বর, বিভিন্ন হলের সামনে জলপাই, হর্তকি, বহেরা, অর্জুন, লেবু, আম, আমড়া গাছসহ বিভিন্ন ফলজ ও ওষুধী গাছ লাগানো হয়। কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো: মিজানুর রহমান, কৃষকরত্ন শেখ হাসিনার হল প্রভোস্ট ড. আয়েশা আক্তার, শেকৃবি শাখা ছাত্রলীগের সভাপতি এস এম মাসুদুর রহমান মিঠু, সাধারণ সম্পাদক মো. মিজানুর রহমানসহ শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রলীগের নেতাকর্মীরা। এসময় উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ শিক্ষার্থীদের গাছ লাগানোর জন্য উৎসাহিত করার পাশাপাশি প্রধানমন্ত্রীর এই কর্মসূচিকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, উদ্ভিদ আমাদের জীবন রক্ষা করে। উদ্ভিদ ছাড়া কোন প্রাণী বেঁচে থাকা সম্ভব না।

## শেকৃবি শিক্ষক নুরজাহান বেগম পিএসসির সদস্য হিসেবে শপথ নিলেন



বাংলাদেশ সরকারি কর্মকমিশনের (বিপিএসসি) নবনিযুক্ত সদস্য ড. নুরজাহান বেগম ১৬ জুলাই শপথ গ্রহণ করেছেন। সুপ্রিম কোর্টের সুপ্রিম কোর্টের জাজেজ লাউঞ্জে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন তাকে শপথ বাক্য পাঠ করান। শপথ পাঠের সময় পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক, সচিব আকতারী মমতাজ, অতিরিক্ত সচিব মো: মনজুরুর রহমানসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পিএসসির নতুন এই সদস্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি রসায়ন বিভাগের অধ্যাপক। অন্যান্য প্রতিষ্ঠান ও সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে গত ৫ জুলাই জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে তাকে পিএসসিতে নিয়োগ দিয়ে আদেশ জারি করা হয়। তার নিয়োগের মাধ্যমে চেয়ারম্যান ছাড়াও পিএসসির সদস্য সংখ্যা দাঁড়ায় ১৪ জনে। তাকে অভিনন্দন জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। অভিনন্দন বার্তা তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৮ (১) অনুচ্ছেদে বর্ণিত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি মো: আবদুল হামিদ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের বিজ্ঞ সদস্য হিসেবে আপনাকে নিয়োগ দেয়ায় আমার ব্যক্তিগত এবং শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। আপনার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের কার্যক্রম আরো গতিশীল এবং সমৃদ্ধি লাভ করবে এ কামনা করি।

## শেকৃবি সিন্ডিকেটের সদস্য মনোনীত হলেন দুইজন শিক্ষক





শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সদস্য হিসেবে মনোনীত হয়েছেন শিক্ষক সমিতির সভাপতি উদ্যানতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মো: নজরুল ইসলাম এবং প্রগতিশীল শিক্ষকদের সংগঠন নীল দলের সভাপতি কৃষি পরিসংখ্যান বিভাগের প্রফেসর নূর মো: রহমতউল্লাহ। ১৭ ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ সংক্রান্ত আদেশপত্র জারি করা হয়েছে। রাষ্ট্রপতি ও চ্যান্সেলের অনুমোদনক্রমে এই আদেশপত্র জারি করেন শিক্ষা মন্ত্রনালয়ের উপসচিব হাবিবুর রহমান। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১৮ (১) (ছ) ও ১৮ (৩) ধারা অনুযায়ী আগামী ২ বছরের জন্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মোহাম্মদ আবদুল হামিদ এই মনোনয়ন দেন। প্রফেসর ড. মো: নজরুল ইসলাম এবং প্রফেসর নূর মো: রহমতউল্লাহকে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য মনোনীত করায় রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের মোহাম্মদ আবদুল হামিদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। একইসঙ্গে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে রাষ্ট্রপতিকে আন্তরিক ধন্যবাদ জানান তিনি। মনোনীত সিন্ডিকেট সদস্যরা নিজেদের সর্বোচ্চ মেধা, প্রজ্ঞা ও অভিজ্ঞতার আলোকে ভূমিকা রাখবেন বলে আশা প্রকাশ করেন উপাচার্য। একইসঙ্গে এই বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক অঙ্গনে মানসম্পন্ন উচ্চশিক্ষা ও গবেষণার কেন্দ্রে পরিণত করতে তারা কার্যকর ভূমিকা রাখবেন- এমন আশাবাদও ব্যক্ত করেন তিনি।

## 'পাবলন্স পিয়ার রিভিউ অ্যাওয়ার্ড' পেলেন শেকৃবি শিক্ষক



বিশ্বখ্যাত রিভিওয়ার পুরস্কার 'পাবলন্স পিয়ার রিভিউ অ্যাওয়ার্ড' ২০১৮-তে ভূষিত হয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষিতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মীর্জা হাছানুজ্জামান। বার্তা সংস্থা রয়টার্সের এ অঙ্গ-প্রতিষ্ঠানটি বুধবার (১২ সেপ্টেম্বর) এ ফলাফল ঘোষণা করে। ২০১৬ সাল থেকে সংস্থাটি এ পুরস্কার প্রদান করে আসছে। বিশ্বের ৪ লাখ ৬৬ হাজার রিভিওয়ারের মাঝে তিনি পাঁচটি ক্যাটাগরিতে এ পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন। বাংলাদেশে তিনিই সর্বাধিক ক্যাটাগরিতে এ পুরস্কারে ভূষিত হলেন। এর আগে গত বছর দুইটি ক্যাটাগরিতে তিনি এ পুরস্কারে ভূষিত হন। তিনি বাংলাদেশ সোসাইটি অব এগ্রোনমির এক্সিকিউটিভ এডিটর এবং পাবলিকেশন সেক্রেটারি। উল্লেখ্য, গবেষণায় অভূতপূর্ব অবদানের স্বীকৃতিস্বরুপ প্রচারণাবিমুখ এ শিক্ষক বেশকিছু গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত হয়েছেন। গুরুত্বপূর্ণ অবদানের জন্য তিনি ২০১৪ সালে ইতালিভিত্তিক প্রতিষ্ঠান দ্য ওয়ার্ল্ড একাডেমি অব সায়েন্স (টিডব্লিউএএস) এবং বাংলাদেশ একাডেমি অব সায়েন্স (বিএএস) কর্তৃক পুরস্কৃত হন। এছাড়া তিনি ২০১৫ সালে জাপানিজ সোসাইটি ফর দ্য প্রমোশন অব সায়েন্স (জেএসপিএস) ফেলোশিপ এবং ২০১৭ সালে অস্ট্রেলিয়ার অ্যান্ডেভার ফেলোশিপে মনোনীত হয়েছেন। ড. মীর্জা হাছানুজ্জামান বলেন, 'একমাত্র এই প্রতিষ্ঠানটিই পুরোবিশ্বে রিভিউয়ারদের (সমালোচক) পুরস্কার দিয়ে থাকে। প্রত্যাশা করি এ ক্ষুদ্র অর্জন অন্যদেরকেও উৎসাহিত করবে।'

## ভুট্টার দু'টি নতুন জাত উদ্ভাবন করলো শেকৃবি



সাউ হাইব্রিড ভুট্টা-১ ও সাউ হাইব্রিড ভুট্টা-২ নামে দুইটি হাইব্রিড জাত উদ্ভাবন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের নামে জাত দু'টির নাম রাখা হয়েছে। হাইব্রিড এ জাত দু'টি পুরো দেশেই চাষ করা যাবে বলে জানিয়েছেন গবেষক। এরইমধ্যে জাত দু'টির নিবন্ধন দিয়েছে জাতীয় বীজ বোর্ড। বিশ্ববিদ্যালয়ের কৃষিতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মোঃ আব্দুল্লাহেল বাকী জাত দু'টি উদ্ভাবন করেছেন। নীল সাগর বীজ কোম্পানির গবেষণা বিভাগের সহযোগিতায় উদ্ভাবিত জাত দু'টি রবি ও খরিপ-১ মৌসুমে চাষ করা যাবে। দেশীয় জাতের চেয়ে উদ্ভাবিত জাত দু'টি খাটো। তাই ঝড়ে বা প্রবল বাতাসে ভেঙে পড়ার সম্ভাবনা নেই। জাত দু'টির গোড়া থেকে মোচার উচ্চতা ৬০ থেকে ৮৫ সে.মি.। ফলে ভুট্টার অন্যান্য জাতের চেয়ে উদ্ভাবিত জাত দু'টি মাটি থেকে বেশি পরিমাণে পানি ও পুষ্টি সংগ্রহ করে মোচায় সরবরাহ করতে পারে। জাত দু'টির রবি মৌসুমে বিঘা প্রতি গড় ফলন ৪৫ থেকে ৫০ মণ এবং খরিপ-১ মৌসুমে বিঘা প্রতি গড় ফলন ২৫ থেকে ৩৩ মণ পাওয়া যাবে বলে জানিয়েছেন গবেষক আব্দুল্লাহেল বাকী। উদ্ভাবিত জাত দু'টি নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা জানতে চাইলে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের বহিরাঙ্গনের মাধ্যমে জাত দু'টি কৃষক পর্যায়ে ছড়িয়ে দেওয়া হবে। জাতগুলো নিয়ে এখন স্নাতকোত্তর ও পিএইচডি'র শিক্ষার্থীরা গবেষণা করবেন।

## জাফরান চাষে সফল শেকৃবির গবেষকরা



বিভিন্ন মুখরোচক খাবারের স্বাদ বাড়ানো ও মূল্যবান প্রসাধনী তৈরিতে জাফরানের ব্যবহার গুরুত্বপূর্ণ। তাই প্রতি বছর দেশে উচ্চমূল্যে বিদেশ থেকে জাফরান আমদানি করা হয়। দেশে এ মসলার বাজার সম্ভাবনা ব্যাপক। তাই দেশের মাটিতেই চাষ করতে পারেন জাফরান। সম্প্রতি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. আ ফ ম জামাল উদ্দিনের নেতৃত্বে একদল গবেষক দেশীয় আবহাওয়ায় জাফরান চাষে সফলতা অর্জন করেন। গবেষকরা জানান, এটি ইংরেজিতে স্যাফ্রন নামে পরিচিত। এর বৈজ্ঞানিক নাম Crocus sativas. গবেষক দলের প্রধান ড. আ ফ ম জামাল উদ্দিন বলেন, 'ইতোমধ্যে দেশে কেউ কেউ জাফরান চাষের প্রচেষ্টা চালিয়েছেন কিন্তু পুরোপুরি সফল হননি, আমরা সফল হয়েছি। উপযুক্ত পরিবেশ না থাকায় ভার্নালাইজেশনের জন্য আমরা রেফ্রিজারেটর ব্যবহার করেছি।' তিনি বলেন, 'দেশে বাণিজ্যিকভাবে জাফরান চাষের সম্ভাবনা ব্যাপক। বিনিয়োগের তুলনায় লাভ বেশি হবে। কেউ বাণিজ্যিকভাবে চাষ করতে চাইলে আমরা তাদের সহায়তা দিতে প্রস্তুত।'

## শেকৃবিতে ক্যান্সার, ডায়াবেটিস রোধে বেগুনী ভূট্টার জাত উদ্ভাবনে গবেষণা



বাংলাদেশে বেগুনী ভূট্টা নিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগের অধ্যাপক ড. জামিলুর রহমান ২০১৫ সাল হতে বেগুনী ভূট্টার জাত উদ্ভাবনে গবেষণা করে আসছেন। দীর্ঘ গবেষণার ফলস্বরুপ বর্তমানে ড. জামিলুর রহমান বেগুনী ভূট্টার কিছু ফলনশীল অগ্রসারী লাইন উদ্ভাবন করেছেন। ড. জামিলুর রহমান আশা করছেন ২০১৯ সালের মধ্যে আগ্রহী কৃষকের মধ্যে এ বেগুনী ভূট্টার বীজ সরবরাহ করতে পারবেন। বেগুনী ভূট্টায় বেগুনী রঙের জন্য দায়ী এন্থোসায়ানিনের সংশ্লেষন (Systhesis) মূলত জীন বা এলেল দ্বারা নিয়ন্ত্রিত। কৌলিতাত্ত্বিক গবেষণায় দেখা গেছে অনেক গুলো জীনের মধ্যে দুই শ্রেণীর জীন প্রধানত এই এন্থোসায়ানিনের সংশ্লেষনকে (Systhesis) নিয়ন্ত্রন করে। এ জীন গুলো হলো (R1/B1) যা bHLH ট্রান্সক্রিপশন ফ্যাক্টর পরিবারের এবং অপর জীন গুলো (C1/Pl1/P1) যা গণই ট্রান্সক্রিপশন ফ্যাক্টর পরিবারের অন্তর্গত। এ জীন গুলোর প্রকট ও প্রচ্ছন্নতার উপর এন্থোসোয়নিনের সংশ্লেষনের (Systhesis) মাত্রা নির্ধারণ হয়। যেমন-গাঢ় বেগুনী বর্ণের ভূট্টায় দুইটি প্রকট জীনের (B1/Pl) সহ-অবস্থানে ও তাদের প্রকাশের জন্য বেশী পরিমানে এন্থোসায়ানিন সংশ্লেষন (Systhesis) হয় ফলে ভূট্টা গাছ ও ভূট্টার দানা গাঢ় বেগুনী বর্ণের হয়। আবার এই জীনগুলো কি ধরনের কলাতে (টিস্যু) এবং জীবন চক্রের কোন সময়ে প্রকাশ ঘটে তার উপর নির্ভর করে এন্থোসায়ানিনের সংশ্লেষনের অনেক বৈচিত্র্যতা। জাপানে বেগুনী ভূট্টার এন্থোসায়ানিনের রং ফুড এডিটিভ (Food Addiditive) এর তালিকায় স্থান করে নিয়েছে। এই রং বিভিন্ন খাবার যেমন-পানীয়, জ্যাম, জেলী, ক্যানডি, চকলেট ইত্যাদি খাবার রং করায় ব্যবহৃত হয়।

## শেকৃবির ৩ মেধাবী শিক্ষার্থীর প্রধানমন্ত্রী স্বর্ণপদক অর্জন



প্রতিবছর বাংলাদেশ সরকারী বিশ্ববিদ্যালয় সমূহে অনার্স (সম্মান) পর্যায়ে অনুষদীয় সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে দেয়া হয় সমম্মানজনক 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'। এবছর প্রাপ্ত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭' -এর জন্য সর্বাধিক সিজিপিএ মনোনীত হয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃতি তিন শিক্ষার্থী।

এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের মো: জহির উদ্দিন রুবেল, সিজিপিএ গ্রেড ৪.০০ এ তার অর্জিত সিজিপিএ ৩.৯৪। কৃষি অনুষদের বদরুন নেছা শম্পা অর্জিত সর্বোচ্চ সিজিপিএ ৩.৯৮। এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের আসমা ইয়াসমিন সম্পা নিজ অনুষদ হতে সর্বোচ্চ সিজিপিএ ৩.৮৭ পেয়ে স্নাতক সম্পন্ন করেছেন। অভাবনীয় এ সাফল্যে গর্বিত এই শেকৃবিয়ান জানান তার অনুভূতির কথা, খুব খুশি লেগেছে প্রধানমন্ত্রীকে এত কাছ থেকে দেখে,স্বপ্ন যেন সত্যি হলো। প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক বাবার স্বপ্ন মেয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হবে। আজকের দিনে প্রধানমন্ত্রীর ন্যায় সফল নারী হওয়ার অনুপ্রেরণা পেয়েছি। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ওয়েবসাইট সূত্র অনুযায়ী, এবার 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৭' এর জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে ১৫৯ জন শিক্ষার্থীকে মনোনীত করা হয়েছে। আজ ২৫ জুলাই ২০১৮ প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ শাপলা হলে স্বর্ণপদক অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে পদক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সহ উচ্চপদস্থ ব্যক্তিবর্গ।

## প্রধানমন্ত্রীর জন্মদিন ও পদক প্রাপ্তিতে শেকৃবি ছাত্রলীগের আনন্দ মিছিল



প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭২তম জন্মদিন ও দু'টি আন্তর্জাতিক পদক প্রাপ্তি উপলক্ষে আনন্দ মিছিল করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। ২৭ সেপ্টেম্বর ২০১৮ বেলা ১১টায় শেকৃবি শাখা ছাত্রলীগের সভাপতি এস. এম. মাসুদুর রহমান মিঠু এবং সাধারণ সম্পাদক মো. মিজানুর রহমানের নেতৃত্বে এক শোভাযাত্রা বের হয়। এতে উপস্থিত ছিলেন ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীবৃন্দ। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনে এসে শেষ হয়। এরপর সংক্ষিপ্ত এক আলোচনা সভায় বক্তারা রোহিঙ্গা সংকট মোকাবেলায় ও দূরদর্শী নেতৃত্বের জন্য 'ইন্টারন্যাশনাল অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড' এবং 'স্পেশাল রিকগনিশন ফর আউটস্ট্যান্ডিং লিডারশিপ অ্যাওয়ার্ড' প্রাপ্তিতে প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান। বক্তব্যে ছাত্রনেতারা দেশের নানা উন্নয়নমূলক কর্মকান্ডে বর্তমান সরকারের অবদানের কথা উল্লেখ করেন এবং সেইসাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেন।

## শেকৃবিতে বেগম ফজিলাতুন্নেসা মুজিবের ৮৮তম জন্মদিন উদযাপন ও লাইট পার্কের উদ্বোধন



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে আয়োজিত হলো বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবের ৮৮তম জন্মবার্ষিকী। উপাচার্য ড. কামাল উদ্দিন আহাম্মদ বেগম ফজিলাতুন্নেসা মুজিব হলে বঙ্গমাতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পনের মধ্য দিয়ে দিবসটির আনুষ্ঠানিকতা উদ্ভোধন করেন। এ উপলক্ষে ৮ই আগস্ট ২০১৮ উক্ত হলে আয়োজিত হয় এক বিশেষ মিলাদ মাহফিল ও আলোচনা সভা। এ সময় উপস্থিত ছিলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার প্রফেসর ড. মো: আনোয়ারুল হক বেগ, হলের প্রভোস্ট ড. আফরোজ জাহান, সহকারী প্রভোস্ট সহকারী অধ্যাপক মো: আরিফ হোসেন, বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো: মিজানুর রহমান, প্রক্টর প্রফেসর ড. মো: ফরহাদ হোসাইনসহ শিক্ষক কর্মকর্তা। হল ভিত্তিক এ আয়োজনের শুরুতেই উপস্থিত অতিথিবৃন্দ ৪টি সুসজ্জিত LED লাইটে ঘেরা নান্দনিক হল লাইট পার্ক উদ্ধোধন করেন। এরপর হল শাখা ছাত্রলীগের সভাপতি আজরিন নাহার তুলি ও সাধারণ সম্পাদক সোনিয়া নুসরিন সুমির উপস্থাপনায় বঙ্গমাতার সৃষ্টশীল জীবনীর উপর আলোচনা অনুষ্ঠান পরিচালিত হয়। এসময় বঙ্গবন্ধু ও মুজিবীয় পরিবারের নানা তথ্যবহুল ঘটনা,শোকের ইতিহাস নিয়ে ইতিবাচক বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি এস এম মাসুদুর রহমান মিঠু ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান।

## শেকৃবির ৩৫ জন রক্তদাতা পেল সংবর্ধনা




স্বেচ্ছায় রক্তদাতাদেরকে উৎসাহ প্রদান এবং অন্যদের স্বেচ্ছায় রক্তদানে উদ্ধুদ্ধ করতে ১৫ বারের অধিক রক্তদান করেছে এমন ৩৫ জনকে সংবর্ধনা দিয়েছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বাঁধন ইউনিট। ১২ ডিসেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয়টির কৃষি অনুষদের সেমিনার কক্ষে আয়োজিত 'সর্বোচ্চ রক্তদাতাদের সম্মাননা অনুষ্ঠান ও বার্ষিক সাধারণ সভা ২০১৮' শীর্ষক এক অনুষ্ঠানে এই সংবর্ধনা দেওয়া হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মাননা স্বারক তুলে দেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। সম্মাননার পাশাপাশি প্রত্যেককে একটি সার্টিফিকেট প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিল স্কাই টেক এগ্রো ফার্মা এর ব্যবস্থাপনা পরিচালক ডা. সজীব দেব নাথ। এ ছাড়াও অনুষ্ঠানটিতে 'বাঁধন' কেন্দ্রীয় ও ঢাকা সিটি জোনের নেত্রীবৃন্দসহ শেকৃবির শিক্ষক-কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সংবর্ধনা অনুষ্ঠান শেষে শেকৃবি বাঁধন ইউনিটের এক বছর মেয়াদে ১৭ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়। প্রধান অতিথির বক্তব্যে শেকৃবির উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, রক্তদানের মাধ্যমে সব থেকে ভালভাবে মানবতার সেবা করা যায়। যে কাজটি অত্যন্ত সুন্দরভাবে পালন করে যাচ্ছে বাঁধনের সাথে সংশ্লিষ্ট সকলে। আশা করি এই সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে আরো রক্তদানে উৎসাহিত হবে।

## শেকৃবিতে পথ শিশুদের নিয়ে ফানুস'র আনন্দ উৎসব



সুবিধাবঞ্চিত শিশুদের নিয়ে প্রথমবারের মত আনন্দ উৎসব করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের তরুণদের স্বেচ্ছাসেবী সংগঠন 'ফানুস'। ৬ অক্টোবর ২০১৮ কৃষি অনুষদের সম্মুখে আম্রকাননে এ আনন্দ উৎসবের আয়োজন করা হয়। শিশু সমাবেশের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। ১৩০ জন সুবিধাবঞ্চিত ও পথ শিশু অংশগ্রহণ করে। সকালের নাস্তা শেষে শিশুদের মাঝে রঙ্গিন টি-শার্ট বিতরণ করা হয়। এরপর শুরু হয় সাংস্কৃতিক পর্ব ও ক্রীড়া প্রতিযোগিতা। নাচ,গান,কবিতা আবৃত্তি, মোরগ লড়াই, চকলেট দৌড়সহ বিভিন্ন আনন্দায়ক সেগমেন্টে শিশুরা অংশগ্রহণ করে। দুপুর ১২ টায় শিশুদের মাঝে পুরস্কার বিতরণ ও দুপুরের খাবার বিতরণ করা হয়। এ আয়োজনে আর্থিক সহায়তা প্রদান করে অ্যাঙ্কার ও নীলসাগর সীড গ্রুপ। অনুষ্ঠানে সহযোগিতা করেছেন ফানুসের ৬০ জন স্বেচ্ছাসেবী। স্বেচ্ছাসেবী সৌরভ বলেন, এসব ছোট ছোট  শিশুদের সাথে সময় কাটানো সত্যিই আনন্দের বিষয়। পুরো অনুষ্ঠানজুড়ে ছিল এক অন্যরকম আনন্দঘন পরিবেশ। ফানুস সংগঠনকে ধন্যবাদ জানাই এ ধরনের অনুষ্ঠান আয়োজনের জন্য। ফানুস সংগঠনের লিডার মো: খোকন মিয়া বলেন, পথ শিশুদের একটু ভালো সময় উপহার দিতেই আমাদের এ আয়োজন। আমরা চেষ্টা করেছি শিশুদের একবেলা ভালো খাবার দিতে, বিভিন্ন খেলাধুলার মাধ্যমে আনন্দ দিতে। এখানে ১৩০ জনের মধ্যে ৩০-৪০ জন শিশু রয়েছে যারা এখনও স্কুলে পা দেয় নি। আমরা তালিকা করেছি, পরবর্তীতে এদের স্কুলে ভর্তি করানোর ব্যবস্থা করবো।

## শেকৃবিতে ফ্রান্সকে কাঁদিয়ে বিশ্বকাপ জিতল ক্রোয়েশিয়া



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৮ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ফ্রান্স ও ক্রোয়েশিয়া নামে টিম গঠন করে বিশ্বকাপ ফাইনাল প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। উক্ত খেলায় ফ্রান্সকে ট্রাইবেকারে হারিয়ে জয় ছিনিয়ে নেয় ক্রোয়েশিয়া। রবিবার বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। ৬০ মিনিটের খেলায় ১-১ গোলে ড্র করে ফ্রান্স ও ক্রোয়েশিয়া। এরপর হয় পরিপূর্ণ উত্তেজনার ট্রাইবেকার। ট্রাইবেকারে জয়ী হয় ক্রোয়েশিয়া। শেকৃবি শাখা ছাত্রলীগের সভাপতির এস এম মাসুদুর রহমান মিঠুর টিম ছিল ক্রোয়েশিয়া এবং সাধারণ সম্পাদক মো: মিজানুর  রহমানের টিম ফ্রান্স। এদিকে দর্শক সারিতে বিশ্ববিদ্যালয়ের ভিসি ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালককে ফ্রান্সের সাপোর্টার এবং প্রো-ভিসি ও ট্রেজারারকে ক্রোয়েশিয়ার সাপোর্টার হিসেবে দেখা যায়। খেলা শেষে খেলোয়াড়দের পুরস্কার তুলে দেওয়া হয়।

## শেকৃবিতে জাতীয় শোক দিবস পালিত




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদায় পলিত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস। ১৫ আগস্ট ২০১৮ দিবসটি উপলক্ষে ভোর সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা গোল চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত ও শোক পতাকা উত্তোলন করে শোক দিবসের কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। সকাল ৭টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের পক্ষ থেকে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির জনকের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়। এরপর একটি শোক র‍্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। শোক র‍্যালিতে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী অংশ নেন। র‍্যালি শেষে ক্যাম্পাসে গাছ লাগানো হয়। শোক দিবসের অন্যান্য আয়োজনের মধ্যে ছিল কোরআন খানি, মিলাদ মাহ্‌ফিল, আলোচনা সভা ও কাঙ্গালী ভোজ।



## শেকৃবিতে শুভ জন্মাষ্টমী পালিত

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম উৎসব ভগবান শ্রী কৃষ্ণের জন্মাষ্টমী পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ে উপস্থিত শ্রী শ্রী রাধাকৃষ্ণ ও মাতৃমন্দিরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন সকাল ৯টায় শেকৃবি শ্রী শ্রী রাধাকৃষ্ণ ও মাতৃমন্দির থেকে ভগবান শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে একটি র‍্যালি বের করা হয়। এতে প্রায় দুই শতাধিক



শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন। র‍্যালিটি সয়েলের মোড়, প্রশাসনিক ভবন ও টিএসসির মোড় ঘুরে বটতলায় এসে শেষ হয়।

## শেকৃবিতে যথাযোগ্য মর্যাদায় শেরেবাংলা'র জন্ম বার্ষিকী পালন



নানা কর্মসূচীর মধ্য দিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অবিভক্ত বাংলার মহান নেতা শেরেবাংলা একে ফজলুল হকের ১৪৫ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। জন্মবার্ষিকী উপলক্ষে সকাল ১০ টায় প্রশাসনিক ভবনে অবস্থিত শেরেবাংলার প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের নিয়ে পুস্পস্তবক অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। এসময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, ছাত্র পরামর্শ ও নির্দেশনার পরিচালক অধ্যাপক ড. মো: মিজানুর রহমান, প্রক্টর অধ্যাপক ড. মো: ফরহাদ হোসেন উপস্থিত ছিলেন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত জাতীয় তিন নেতার মাজারে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্রছাত্রীবৃন্দ পুষ্পার্ঘ্য অর্পণ করেন মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

## শেকৃবিতে বিশ্ব বাঘ দিবস পালিত




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে বিশ্ব বাঘ দিবস উপলক্ষে এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের উদ্যোগে র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ জুলাই ২০১৮ বিকেলে বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল অনুষদ ভবনের সামনে থেকে একটি র‌্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র‌্যালি শেষে আলোচনা সভায় বক্তারা বলেন, বিশ্বের বিভিন্ন দেশ বাঘ বাঁচাতে নানা উদ্যোগ নিলেও সুন্দরবনে বাঘের মৃত্যু আশঙ্কাজনক হারে বেড়েছে। বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ে সুন্দরবন আমাদের ঢাল হিসেবে কাজ করে। কিন্তু বাঘ কমে যাওয়ায় সুন্দরবনের বাস্তুতন্ত্র নষ্ট হয়ে যাচ্ছে। ফলে বন কমে যাচ্ছে। তাই নিজেদের নিরাপত্তা নিশ্চিত করতে হলে জাতীয় পশু বাঘ সংরক্ষণ করতে হবে। আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সহায়তায় ১৯৭৫ সালের জরিপে সুন্দরবনে বাঘের সংখ্যা ছিল ৩৫০ টি, ৮৪তে ৪৩০ থেকে ৪৫০টি, ৯২ তে ৩৫৯ এবং ২০০৪ সালে বনবিভাগের জরিপে পাওয়া যায় ৪৪০ টি। সর্বশেষ, ক্যামেরা ট্র্যাপিং, পাগমার্ক, রেডিও টেলিমেট্রি এবং পদচিহ্ন পদ্ধতির জরিপে বাঘের সংখ্যা ১০৬। ২০১০ সালে সেন্ট পিটার্সবার্গ টাইগার সামিটে বাঘের প্রাকৃতিক বাসস্থান রক্ষা ও বাঘ রক্ষায় জনসচেতনতা বাড়াতে প্রতি বছরে ২৯ জুলাই বিশ্ব বাঘ দিবস পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। ওই বছর থেকে বাঘ আছে বিশ্বের এমন ১৩টি দেশে একযোগে দিবসটি পালন করা হয়। বাংলাদেশও তার মধ্যে অন্যতম।

## শেকৃবিতে বিনম্র শ্রদ্ধায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

যথাযোগ্য মর্যাদার মধ্যে দিয়ে ঐতিহাসিক শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়। সকাল ৮টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধের উদ্দেশে রওনা দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরে বুদ্ধিজীবী স্মৃতিসৌধে নিহত শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ সময় উপস্থিত



ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী, ট্রেজারার অধ্যাপক ড. মো: আনোয়ারুল হক বেগ, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ বিশ্ববিদ্যায়ের সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

## শেকৃবিতে দিনব্যাপী নানা আয়োজনে বিজয় দিবস উদযাপন




দিনভর নানা আয়োজনের মধ্য দিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে। সকাল ৭টায় বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের সামনে উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুরু হয়। এরপর বিশ্ববিদ্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ও পরে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে। বেলা ১১টায় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় কেন্দ্রীয় খেলার মাঠে। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। ক্রীড়া প্রতিযোগিতার মধ্যে ছিল ভলিবল, পিলোপাসিং ও দৌড় প্রতিযোগিতাসহ নানা আয়োজন। এ ছাড়াও শেকৃবি শাখা ছাত্রলীগের উদ্যোগে গরীব, দুস্থ ও এতিমদের মাঝে খাবার বিতরণ করা হয়। এ বিষয়ে শেকৃবি শাখা ছাত্রলীগের সভাপতি এস. এম মাসুদুর রহমান মিঠু বলেন, শেকৃবি শাখা ছাত্রলীগের উদ্যোগে ২০০ জন গরীব, দুস্থ ও এতিমদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে। তাদের মুখে বিজয়ের হাসি ফোটাতেই আমাদের এই আয়োজন।




## এক নজরে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিশ্ববিদ্যালয় ঘোষণা-৬ জানুয়ারি ২০০১
জাতীয় সংসদে আইন পাস-৯ জুলাই ২০০১
প্রতিষ্ঠা কাল-১৫ জুলাই ২০০১
উপাচার্য-প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ
উপ-উপাচার্য-প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী
ট্রেজারার-প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ
আয়তন-৮৬.৯৭ একর
অনুষদ - ৪
ইনস্টিটিউট - ১
বিভাগ - ৩৫
শিক্ষক - ৩২২
কর্মকর্তা - ২৭৪
কর্মচারী - ৩৮১
শিক্ষার্থী - ৪৮০৪

* স্নাতক-২৮৪৩
* স্নাতকোত্তর-১৮৫৪
* পিএইচ.ডি-১০৬
* পোস্ট ডক্টরেট-০১

হল-৫ (ছাত্র-৩ এবং ছাত্রী-২টি)
ফার্ম-৫
অতিথি ভবন-১ টি

## সম্পাদনা পরিষদ

**উপদেষ্টা**
**প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ,** উপাচার্য, শেকৃবি

**আহ্বায়ক**
**প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ,** ট্রেজারার, শেকৃবি

**সদস্যমণ্ডলী**
**প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান,** পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), শেকৃবি
**প্রফেসর ড. মোঃ ফরহাদ হোসেন,** কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, শেকৃবি
**ড. এ.এম. সাহাবউদ্দিন,** সহযোগী অধ্যাপক, একোয়াকালচার বিভাগ, শেকৃবি
**ড. আয়েশা আক্তার,** সহযোগী অধ্যাপক, কীটতত্ত্ব বিভাগ, শেকৃবি
**মোঃ তোফায়েল হোসেন,** সহকারী অধ্যাপক, এগ্রিকালচারাল বোটানী বিভাগ, শেকৃবি
**মোঃ দুলাল সরকার,** সহকারী অধ্যাপক, উদ্যানতত্ত্ব বিভাগ, শেকৃবি

**সদস্য সচিব**
**মোঃ বশিরুল ইসলাম,** জনসংযোগ কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), শেকৃবি

যোগাযোগ
জনসংযোগ ও প্রকাশনা দফতর, শেকৃবি, ঢাকা।
ওয়েব সাইটঃ www.sau.edu.bd

ডিজাইন ও মুদ্রণেঃ
আনিশা প্রিন্টিং প্রেস
+৮৮ ০২ ৯৬৭১০২৮/aneeshapress@gmail.com